বিষয়টি সম্পর্কে জানতে চাইলে অভিযুক্ত চান্দু মন্ডল নিজেকে গরীবের নেতা দাবি করে বলেন, হাটের এই জায়গায় অনেক গর্ত ছিল। তাই এলাকার ২৮জন দরিদ্র মানুষ এক হয়ে এই জায়গায় বালি-মাটি ফেলে ভরাট করেছেন। এখন তারাই টিনের ঘর তুলছেন। যাতে এখানে ছোট-খাটো ব্যবসা করে জীবিকা নির্বাহ করতে পারেন। তাই পজিশন বিক্রি ও বাণিজ্যের কোন প্রশ্নই ওঠে না বলে দাবি করেন তিনি।

তবে খানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম রাঞ্জু বলেন, তার ইউনিয়নের বিভিন্ন হাট-ঘাটের সরকারি জায়গা দখলের মহোৎসব চলছে। এরই ধারাবাহিকতায় চৌবাড়িয়া জিগাতলা হাটের জায়গা জবরদখল করে ঘর নির্মাণ করা হচ্ছে। সরকারি দলের উপজেলা পর্যায়ের একজন প্রভাবশালী নেতার প্রত্যক্ষ-পরোক্ষ সহযোগিতায় এ ধরণের কাজ হচ্ছে। তাই বিষয়টি প্রশাসনকে জানানো হলেও তারা রহস্যজনক ভূমিকায় রয়েছেন। ফলে ভূমিদস্যুরা আরও বেপরোয়া হয়ে উঠেছে বলেও মন্তব্য করেন তিনি।

বিষয়টি সম্পর্কে বক্তব্য জানতে চাইলে উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মো. জামশেদ আলাম রানা এ প্রসঙ্গে বলেন, বিগত চার-পাঁচদিন আগে ওই হাটের জায়গা দখলের খবর পেয়ে সেখানে গিয়েছিলাম। পাশাপাশি হাটের জায়গা অবৈধভাবে দখলে নিয়ে সেখানে জোরপূর্বক দোকানঘর নির্মাণ কাজ বন্ধ করে দিয়েছি। এরপর আবার ঘর নির্মাণ করা হচ্ছে-এমন খবর জানা নেই। তাছাড়া নির্বাচনী কাজের দায়িত্ব পালনের জন্য বাইরে আছি। তাই বিষয়টি ইউএনও স্যারকে জানানোর অনুরোধ করেন তিনি। বিডি প্রতিদিন

এ প্রসঙ্গে জানতে চাইলে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. লিয়াকত আলী শেখ বলেন, আমি একটি মিটিংয়ে আছি। তাই পরবর্তীতে অভিযোগটি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

১৬ই জুলাই, ২০২০

ফটো রিপোর্ট | তালেবান নিয়ন্ত্রিত ঐতিহাসিক তোরা-বোরা ও খোগিয়ান অঞ্চলের প্রাকৃতিক দৃশ্য।

আফগানিস্তানের নানগাহার প্রদেশের তোরা-বোরা এক ঐতিহাসিক অঞ্চল, যার সাথে মিশে আছে মুসলিম উম্মাহর চলমান নব উত্থানের সোনালী এক ইতিহাস।

আলহামদুলিল্লাহ, ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের আল-ইমারাহ স্টুডিও এর কর্মীগণ তালেবান নিয়ন্ত্রিত এই ঐতিহাসিক স্থানটির বেশকিছু প্রাকৃতিক দৃশ্য ক্যামেরা বন্দী করেছেন। সাথে প্রদেশটির খোগিয়ান জেলারও কিছু দৃশ্য তারা ধারণ করেছেন।

https://alfirdaws.org/2020/07/16/40162/

সোমালিয়া | মুজাহিদদের বোমা হামলায় ক্রুসেডার বাহিনীর সামরিকযান ধ্বংস, হতাহত অনেক সৈন্য

পূর্ব আফ্রিকা ভিত্তিক আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদগণ ক্রুসেডার ও মুরতাদ বাহিনীকে টার্গেট করে পৃথক ২টি স্থানে বোমা হামলা চালিয়েছেন। গত ১৫ জুলাই মুজাহিদদের লাগানো উক্ত বোমা বিস্ফোরনে ক্রুসেডার বাহিনীর একটি সামরিকযান ধ্বংস হয়েগেছে, হতাহত হয়েছে অনেক ক্রুসেডার ও মুরতাদ সৈন্য।

এর মধ্যে দক্ষিণ সোমালিয়ায় শাবেলি সুফলা রাজ্যের "কেরিওলি" শহরে হারাকাতুশ শাবাব মুজাহিদদের লাগানো একটি বোমা বিস্ফোরনের শিকার হয় ক্রুসেডার উগান্ডান সামরিক বাহিনী। মুজাহিদদের লাগানো উক্ত বোমা বিস্ফোরনে উগান্ডান বাহিনীর একটি সামরিক সাঁজোয়া যান ধ্বংস হয়ে গেছে, এবং কতক ক্রুসেডার সৈন্য নিহত ও আহত হয়েছে।

এমনিভাবে দক্ষিণ সোমালিয়ায় কাসমায়ো শহরের "ইউনটোই" এলাকার কাছে সোমালিয় মুরতাদ বাহিনীকে টার্গেট করে ২টি বোমা বিস্ফোরন করেন। হারাকাতুশ শাবাব মুজাহিদদের লাগানো দুটি বিস্ফোরক ডিভাইস বিস্ফোরিত হলে সরকারী মিলিশিয়াদের বেশ কিছু সৈন্য নিহত আহত হয়েছে।

বাংলাদেশকে ব্যবহার করে ভারতের যেকোন অংশ থেকে উত্তরপূর্বে পণ্য পরিবহনের সুযোগ

মাত্র কয়েকদিন আগে বাংলাদেশের মধ্য দিয়ে একটি পার্সেল ট্রেন ভারতের এক প্রান্ত থেকে আরেক প্রান্তে পাঠানো হয়েছে। এবার সমুদ্র পথেও প্রতিবেশী দেশের ভূখণ্ড ব্যবহার করে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোতে কার্গো পাঠানোর কাজ শুরু হচ্ছে। ১৯৬৫ সালের পর এই প্রথম কলকাতা থেকে একটি কার্গো জাহাজ চট্টগ্রাম বন্দরে পৌছাবে এবং সেখান থেকে সড়কপথে কার্গো ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলায় পাঠানো হবে।

সূত্র জানায়, বড় ধরনের এই কার্যক্রম শুরুর জন্য সবকিছুই প্রস্তুত। এখন যেকোন দিন এই কার্গো জাহাজ পাঠানো হতে পারে।

সূত্রমতে এর ফলে ভারতের যে কোন অংশ থেকে সাগর পথে বাংলাদেশের মধ্য দিয়ে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে পণ্য পরিবহনের দুয়ার খুলে যাবে। জানা গেছে, কলকাতা থেকে এ ধরনের একটি কার্গো জাহাজ চট্টগ্রামে পৌছাতে লাগবে তিন দিন। সেখান থেকে আগরতলায় পৌছাতে লাগবে এক দিন। এখন ট্রাকে করে কলকাতা থেকে ত্রিপুরায় মালামাল পৌছাতে অন্তত এক সপ্তাহ লাগে।

এই সাগর ও সড়ক রুট ‘চিকেনস নেক’ নামে পরিচিত পশ্চিমবঙ্গের শিলিগুড়ি করিডোরকে এড়িয়ে যেতে সাহায্য করবে।

বাংলাদেশের চট্টগ্রাম ও মংলা বন্দর ব্যবহার করে নদী, রেল ও সড়কপথে পণ্য পরিবহনের জন্য ভারত ও বাংলাদেশের মধ্যে গত বছর অক্টোবরে চুক্তি হয়।

ভারতীয় সড়ক পরিবহন মন্ত্রণালয় চট্টগ্রাম বন্দর থেকে ত্রিপুরায় পণ্য নিয়ে যেতে বাংলাদেশী ট্রাকের জন্য বিশেষ বিধান তৈরি করেছে। মন্ত্রণালয় প্রতিবেশী দেশগুলোর মধ্য দিয়ে যাত্রীবাহী ও কার্গো যান চলাচলের জন্য একটি স্টান্ডার্ড অপারেটিং প্রসিডিওর (এওপি) তৈরির কাজে হাত দিয়েছে।

সূত্র: টিএনএন

ভারতে তথ্য গোপন করতে করোনা রোগীদের লাশ ছুড়ে ফেলা হচ্ছে গঙ্গায়

মৃতদের তথ্য গোপন করতে ভারতে করোনায় আক্রান্ত রোগীদের লাশ গঙ্গায় ফেলে দেয়া হচ্ছে বলে অভিযোগ উঠেছে। সোশ্যাল মিডিয়ায় এই ঘটনার একাধিক ছবি ভাইরাল হয়েছে বলে জানিয়েছে ভারতীয় গণমাধ্যম এই সময়।

ভারতীয় এই সংবাদমাধ্যম জানায়, আগামী ১৬ থেকে ৩১ জুলাই পর্যন্ত বিহারে ফের পূর্ণ লকডাউন ঘোষণা করা হয়েছে। এরই মধ্যে রাজ্যে কোভিড রোগীদের লাশ নিয়ে চূড়ান্ত অমানবিকতার অভিযোগ উঠেছে। করোনায় মৃতদের তথ্য গোপন করতে একাধিক দেহ গঙ্গায় ফেলে দেয়া হচ্ছে।

সোশ্যাল মিডিয়ায় এই ঘটনার একাধিক ছবি প্রকাশ্যে এসেছে। সেই ছবিতে দেখা গেছে, পাটনার গঙ্গায় নৌকা করে এনে ফেলে দেয়া হচ্ছে একাধিক লাশ। যদিও ওই লাশগুলো করোনা আক্রান্তদেরই কিনা, তা নিয়ে কোনো প্রমাণ এখনও পর্যন্ত মেলেনি।

ছবিতে দেখা গেছে, নীল প্লাস্টিকে মোড়া লাশ গঙ্গায় ছুড়ে ফেলা হচ্ছে। বিহারের বিরোধীদের দাবি, ওই লাশ করোনা আক্রান্তেরই। রাজ্যের করোনা পরিস্থিতি গোপন করতেই এমন করা হচ্ছে।

গঙ্গায় লাশ ফেলে দেয়ার ছবিগুলো তুলেছিলেন 'হিন্দুস্থান টাইমস'-এর ফটোসাংবাদিক পারওয়াজ খান। তিনি জানিয়েছেন, 'আমি ৭ জুলাই কালীঘাটে গিয়েছিলাম গঙ্গার পানিস্তরের ছবি তুলতে। দুপুর নাগাদ আমি স্পষ্টতই দেখতে পাই, তিনজন মানুষ গঙ্গায় লাশ ছুড়ে ফেলছেন। কিন্তু আমি নিশ্চিতভাবে বলতে পারব না, ওই দেহ করোনা আক্রান্তেরই।'তবে এ ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছে বিহার সরকার।

শুধু বিহারই নয়, কর্নাটক-অন্ধ্রপ্রদেশ-মহারাষ্ট্র-গুজরাট, এমনকি পশ্চিমবঙ্গেও লাশ নিয়ে নানা প্রশ্ন উঠেছে। এবার বিহারের ক্ষেত্রেও উঠল অমানবিকভাবে মৃতদেহ ফেলে দেওয়ার অভিযোগ।

আল-আকসা মসজিদের গেট বন্ধের নির্দেশ দিয়েছে ইহুদীবাদী ইসরাইলের আদালত

ফিলিস্তিনের জেরুসালেমে অবস্থিত মুসলমানদের প্রথম কিবলা পবিত্র আল-আকসা মসজিদের পূর্ব গেট বাব আল-রহমা বন্ধ করার নির্দেশ দিয়েছে ইহুদীবাদী সন্ত্রাসীদের অবৈধ রাষ্ট্র ইসরাইলের আদালত।

সোমবার (১৩ জুলাই) ইসরায়েলের আদালত এই আদেশ দেয়।

জর্দান পরিচালিত ইসলামিক এন্ডোমেন্টস কর্তৃপক্ষ এক বিবৃতিতে জানিয়েছেন, ইসরাইলের পুলিশ অধিদপ্তর এই গেইটটি বন্ধ করার ব্যাপারে আদালতের সিদ্ধান্ত জানিয়ে একটি চিঠি পাঠিয়েছে।

ইসলামিক এন্ডোমেন্টস কর্তৃপক্ষ বলেছে, মুসলিমরা দখলদার ইসরাইলের এই অবৈধ সিদ্ধান্ত সমর্থন বা স্বীকৃতি দেয় না। বাব আল-রহমা আল-আকসা মসজিদের একটি অবিচ্ছেদ্য অঙ্গ।

এছাড়াও ইসরাইলি আদালতের গেটটি বন্ধ করার সিদ্ধান্তের পেছনের কারণ এখনো স্পষ্ট নয়।

১৯৬৭ সালের আরব-ইসরাইলি যুদ্ধের সময় ইহুদীবাদী ইসরাইল পূর্ব ফিলিস্তিনের জেরুসালেম দখল করেছিলো। যেখানে বর্তমান আল-আকসা অবস্থিত।

সূত্রঃ ইয়েনি সাফাক

শাম | সন্ত্রাসী রাশিয়া ও আসাদ বাহিনীর উপর্যুপরি বিমান হামলায় নিহত ২, আহত অসংখ্য

চারদিকে শুধু ধ্বংসস্তূপ, ক্ষেপণাস্ত্র-গোলার আঘাতে ধসে পড়া ভবনের ইট-বালুর ধুলায় বিধ্বস্ত পুরো সিরিয়া।নির্মমতাই এখানে বাস্তবতা।ক্রুসেডার রাশিয়া ও কুখ্যাত শিয়া ইরান-আসাদ জোট প্রতিনিয়তই সিরিয়ায় মানবতাবিরোধী এসব কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে।

গত ১৫জুলাই রাতে সিরিয়ার হামা ও আশেপাশের বেশ কয়েকটি এলাকায় সন্ত্রাসী রাশিয়া ও আসাদ বাহিনী উপর্যুপরি বিমান হামলা চালায়। হামলায় শিশু সন্তানসহ এক পিতা নিহত হয়েছেন। সিরিয়া হুয়াইট হেলমেট সিভিল ডিফেন্স জানিয়েছেন,হামলায় আরো অনেকেই গুরুতর আহত হয়েছেন।

সংস্থাটি জানিয়েছে, গত কয়েকদিন ধরেই সন্ত্রাসীরা বোমা হামলা চালিয়ে যাচ্ছে।

হামলার অংশ হিসেবে সন্ত্রাসী জোট আলেপ্পো ও ইদলিবেও হামলা চালায়।গতকাল বিকেলে আলেপ্পোর আল-বাব এলাকায় বোমা হামলায় চালায়।ফলে এক শিশু মারাত্মকভাবে আহত হয়েছেন।তার অবস্থা আশংকাজনক রয়েছে।

অন্যদিকে, আজ সকালে ইদলিবের আল-বারা এলাকায় কমপক্ষে ১৪ টি মিসাইল নিক্ষেপ করে।এসব হামলায় অসংখ্য মুসলিম হতাহত হয়েছেন। তার মধ্যে একজন মহিলার অবস্থা খুবই আশংকাজনক রয়েছে।

ফটো রিপোর্ট | তালেবান নিয়ন্ত্রিত মুহাম্মদ আগা জেলার প্রাকৃতিক দৃশ্য

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানে এখন বসন্তের হাওয়া বইতে শুরু করেছে, চারদিকে সবুজের সমাহার। যেই পাহাড় ও উঁচু নিচু টিলাগুলো এতদিন ছিল বরফে ঢাকা তাতেও এখন দেখা মিলছে সবুজের ছায়া।

আলহামদুলিল্লাহ, এমনই কিছু প্রাকৃতিক দৃশ্য ক্যামেরা বন্দী করেছেন তালেবানদের আল-ইমারাহ স্টুডিও এর কর্মীরা। চিত্রগুলো ধারণ করা হয়েছে আফগানিস্তানের লোগার প্রদেশের মুহাম্মদ আগা জেলা থেকে।

https://alfirdaws.org/2020/07/16/40117/

খোরাসান | চারটি জেলার ৫,২০০ দরিদ্র পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছে তালেবান সরকার।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তান এর তালেবান সরকার তাদের নিয়ন্ত্রিত দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পাকতিয়া ও খোস্ত প্রদেশের ৪টি জেলায় ৫,২০০ দরিদ্র পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছেন।

বুধবার তালেবান তাদের অফিসিয়াল "আল-ইমারাহ" ওয়েবসাইটে জানিয়েছে, এই সহায়তার অধীনে তাঁরা পাকতিয়া প্রদেশের ওমনা, ওয়ার্মামি, নকি এবং খোস্ত প্রদেশের সাবারি নামক ৪টি জেলার প্রায় ৫,২০০ দরিদ্র পরিবারের জন্য আটা, তেল, ডাল, লবণ এবং অন্যান্য খাদ্য সামগ্রী বিতরণ করেছেন।

তালেবানদের ইনস্টিটিউশনাল কমিশনের প্রচেষ্টায় এসব খাদ্য সামগ্রী অভাবী পরিবারগুলিতে বিতরণ করা হয়েছে।

এটি লক্ষ করা উচিত যে, তালেবানদের প্রতিষ্ঠিত ইসলামি ইমারত চলিত সপ্তাহে তাদের নিয়ন্ত্রিত ময়দান ওয়ার্দাক, সর-ই-পুল ও খোজ প্রদেশের আরো ১৭ হাজার দরিদ্র পরিবারের মাঝে খাদ্য সহায়তা সরবরাহ করেছেন। যার ফলে আফগান জনগণ তালেবানদের এই পদক্ষেপকে স্বাগত জানাচ্ছে, এদিকে ইসলামি ইমারতও ভবিষ্যতে দরিদ্র পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণের প্রক্রিয়া অব্যাহত রাখার কথাও জানিয়েছে।

১৫ই জুলাই, ২০২০

নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে দুর্নীতি-অনিয়ম বন্ধে মানববন্ধন

ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে নিম্নমানের কাজ, কাজ বাস্তবায়নে সময়ক্ষেপণ করে অর্থ অপচয়, নির্দিষ্ট সময়ে শিক্ষার্থীদের আবাসিক হল নির্ধারিত সময়ে বুঝিয়ে না দিয়ে শিক্ষার্থীদের ভোগান্তিতে ফেলে ক্যাম্পাস অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদ বিশ্ববিদ্যালয়ের আশপাশে অবস্থানরত সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গত সোমবার দুপুরে নজরুল বিশ্ববিদ্যালয়ের আশেপাশে অবস্থানরত শিক্ষার্থীরা ক্যাম্পাস ফখর উদ্দিন আহমেদ বাচ্চুর প্রতিষ্ঠান ভাওয়াল কন্সট্রাকসনের মাধ্যমে নিম্নমানের সামগ্রী দিয়ে কাজ করার প্রতিবাদে মানববন্ধন করেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের দু শতাধিক শিক্ষার্থী মানববন্ধনে অংশগ্রহণ করে প্রশাসনিক তদারকি নিশ্চিত না করার পর্যন্ত কাজ বন্ধ রাখার দাবি জানান। এ সময় শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে সাত দফা দাবি বাস্তবায়নের আহ্বান জানান। আগামী সাত দিনের মধ্যে নিম্নমানের কাজ ও সময় ক্ষেপণের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের তদন্ত ও রিপোর্ট পেশ করা, প্রতিবার কাজ বাগিয়ে দেওয়ার জন্য কমিশন বাণিজ্য করা পরিকল্পনা উন্নয়নের উপ পরিচালক হাফিজুর রহমানের বিরুদ্ধে তদন্ত করে ব্যবস্থা নেয়াসহ বিশ্ববিদ্যালয়ের মাস্টারপ্ল্যান অনুযায়ী অবকাঠামো নির্মাণ করার দাবি জানান।

এ সময় শিক্ষার্থীরা বলেন, নজরুল বিশ্ববিদ্যালয় পরিকল্পনা বিভাগের হাফিজুর রহমান এই দপ্তরটাকে দুর্নীতি আখরা বানিয়েছেন। বিশ্ববিদ্যালয়ে এখন পর্যন্ত যা কাজ হয়েছে তার সিংহভাগই বাচ্চুর সাথে আতাত করে ডিপিডি হাফিজুর রহমান তার মাধ্যমেই নিম্নমানের কাজ করিয়ে থাকেন। এই ঠিকাদারের দাপটে অন্য কোনো ঠিকাদার ক্যাম্পাসে কাজ করতে পারেন না।

উল্লেখ্য ২০১৬-১৭ অর্থবছরের একশত কোটি টাকা বাস্তবায়নের মধ্যে ৯০ কোটির টাকার কাজ বাগিয়ে নেওয়াসহ ২০০৬ সালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হওয়ার পর থেকে এ পর্যন্ত বাস্তবায়িত ও চলমানের তিনশত কোটি টাকার কাজের মধ্যে ফখর উদ্দিন আহমেদ বাচ্চুর ঠিকাদারী প্রতিষ্ঠান ভাউয়াল কন্সট্রাকশন প্রায় ২০০ কোটির কাজ ভাগিয়ে নিয়েছে বলে অভিযোগ করেন মানববন্ধনে অংশগ্রহনকারী শিক্ষার্থীরা। কালের কণ্ঠ

ইয়েমেনে সৌদি বিমান হামলায় ৭ শিশুসহ নিহত ৯

ইয়েমেনের উত্তর-পশ্চিমাঞ্চলে সৌদি বিমান হামলায় সাত শিশু ও দুই নারী নিহত হয়েছে। রোববার জাতিসঙ্ঘের একটি সংস্থা একথা জানিয়েছে।

কো-অর্ডিনেশন অব হিউম্যানিটারিয়ান অ্যাফেয়ার্স (ওসিএইচএ) বিষয়ক জাতিসঙ্ঘ দফতর জানায়, হাজাহ প্রদেশে সোমবারের বিমান হামলায় আরো দুই নারী ও দুই শিশু আহত হয়েছে।

রাজধানী সানার কাছের এ প্রদেশ হচ্ছে হাউছি বিদ্রোহী এবং সৌদি নেতৃত্বাধীন জোট সমর্থিত সরকারপন্থী বাহিনীর মধ্যকার একটি যুদ্ধক্ষেত্র। জোটটি বিমান হামলা চালিয়ে সরকারপন্থী বাহিনীকে সহযোগিতা করছে।

ওসিএইচএ জানায়, 'প্রাথমিকভাবে প্রাপ্ত খবরে বলা হয়, হাজাহ প্রদেশের ওয়াশহা জেলায় ১২ জুলাই চালানো এক বিমান হামলায় সাত শিশু ও দুই নারী নিহত হয়েছে।'

সোমবার হাজাহ প্রদেশে হাউছি বিরোধী অভিযান চলাকালে বেসামরিক নাগরিক হতাহতের আশঙ্কার কথা স্বীকার করেছে জোট বাহিনী। তারা জানিয়েছে, এটি তদন্ত করে দেখা হচ্ছে। নয়া দিগন্ত

মেঘনার নদী ভাঙন রোধের দাবিতে বিক্ষোভ স্থানীয়দের

কমলনগরে নদীভাঙন রোধের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে এলাকাবাসী। গতকাল সকালে উপজেলার পাটারিরহাট এলাকায় এ কর্মসূচির আয়োজন করে পাটারিরহাট বাঁচাও মঞ্চ নামের একটি সংগঠন। মানববন্ধন শেষে নদীভাঙন রোধে গড়িমসির অভিযোগ এনে বিক্ষোভ মিছিল করেন স্থানীয়রা। এতে অংশ নেন মেঘনার ভাঙনকবলিত কয়েক হাজার মানুষ। স্থানীয় মানুষজনের দাবি, দীর্ঘ তিন যুগ ধরে নদীর ভাঙনে কমলনগরের বিস্তীর্ণ জনপদ বিলীন হয়েছে। তার পরও নদীভাঙন রোধে স্থায়ী কোনো পদক্ষেপ নেয়নি ক্ষমতাসীন সরকার। ফলে মানুষের বাড়িঘর, ভিটেমাটি, সরকারি-বেসরকারি বহু গুরুত্বপূর্ণ স্থাপনা নদীতে বিলীন হচ্ছে। আমাদের সময়

স্থানীয়ভাবে জানা যায়, কমলনগরে মেঘনাতীরের সীমান্তবর্তী এলাকা ১৭ কিলোমিটার। এর মধ্যে মাত্র এক কিলোমিটার বেড়িবাঁধ নির্মাণ করা হয়েছে। বাকি ১৬ কিলোমিটার এলাকা নদীতে বিলীন হচ্ছে ৩৬ বছর ধরে।

শাম | দখলদার তুর্কি-রাশিয়ান টহল দলকে লক্ষ্য করে শক্তিশালী বোমা বিস্ফোরণ, নিহত ও আহত অনেক

সিরিয়ার আরিহা শহরের "M4" আন্তর্জাতিক মহাসড়কে ক্রুসেডার রাশিয়া ও দখলদার তুর্কি বাহিনীর টহল দলকে টার্গেট করে একটি শক্তিশালী গাড়ি বোমা বিস্ফোরনের ঘটনা ঘটেছে, যাতে কয়েক ডজন ক্রুসেডার ও মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

গত ১৪ জুলাই, মঙ্গলবার সকালে দক্ষিণ ইদলিবের আরিহা অঞ্চলের আন্তর্জাতিক সড়ক "এম 4" এর পাশ দিয়ে অতিক্রমকালে যৌথ তুর্কি-রাশিয়ান টহল দলকে লক্ষ্য করে একটি বিশাল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। রাস্তার পাশে অপেক্ষমাণ একটি গাড়ির মাধ্যমে এই শক্তিশালী বোমা হামলাটি চালানো হয়েছে বলে জানা যাচ্ছে।

গাড়ি বোমা বিস্ফোরণটি এতটাই শক্তিশালী ছিল যে, ঘটনাস্থলের আশপাশের এলাকায় একধরণের কম্পন সৃষ্টি হয়েছিল, ফলে এই বিস্ফোরণে ক্রুসেডার রাশিয়ান দখলদার বাহিনীর ৪টি সামরিক যানবাহন ধ্বংস হয়েগেছে।

এই হামলায় কত রাশিয়ান দখলদার সৈন্য নিহত ও আহত হয়েছে সে বিষয়ে এখনো পর্যন্ত সুনিশ্চিত কোন পরিসংখ্যান জানা যায়নি। যদিও আসাদ সমর্থিত একটি চ্যানেল বলছে যে, এই হামলায় তাদের মিত্র রাশিয়ার ৩ সৈন্য আহত হয়েছে।

কিন্তু বিস্ফোরণের ভিডিও ক্লিপ দেখে ধারণা করা হচ্ছে ঘটনাস্থলে থাকা সকল রাশিয়ান ও তুর্কি সৈন্য নিহত হয়েছে।

উল্লেখ্য যে, ইদলিব সিটির আরিহা শহরটি একটি স্বাধীন ও মুক্ত এলাকা, বর্তমানে শহরটির উপর তাহহিরুশ শাম (এইসটিএশ) ও একটি বিদ্রোহী গ্রুপের নিয়ন্ত্রণ রয়েছে। তা সত্যেও কোন বাঁধা ছাড়াই দীর্ঘদিন যাবৎ এই মহাসড়কটি ব্যবহার করতে দেওয়া হচ্ছে ক্রুসেডার রাশিয়া ও তুর্কি সৈন্যদের। অন্যান্য মুজাহিদ গ্রুপগুলো বিশেষ করে আল-কায়েদা সমর্থিত জিহাদী গ্রুপগুলো এবিষয়ে তাহরিরুশ শামকে সতর্ক করলেও তাহরিরুশ শাম এর কোন জাবাব দেয়নি, বরং ক্রুসেডার ও মুরতাদ বাহিনীর জন্য মহাসড়কটি উন্মুক্ত করে রাখে তাহহিরুশ শাম, বিপরীত মুজাহিদদের উপরেই দফায় দফায় হামলা চালায় তারা। সর্বশেষ গতাকাল এম-৪ মহাসড়কটি অতিক্রমকালে উক্ত হামলার ঘটনাটি ঘটেছে, যার দায়ভার এখনো কোন মুজাহিদ গ্রুপ নেননি।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় একাধিক কেনিয়ান ও উগান্ডান ক্রুসেডার সৈন্য হতাহত।

আল-কায়েদা মুজাহিদিন সোমালিয়ায় দখলদার উগান্ডা ও কেনিয়ান ক্রুসেডার বাহিনীর বিরুদ্ধে পৃথক দুটি সফল হামলা চালিয়েছেন, এতে একাধিক ক্রুসেডার সৈন্য হতাহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ এজেন্সী থেকে জানা গেছে, গত ১৪ জুলাই মুঙ্গলবার সোমালিয়ার যুবা রাজ্যে অবস্থিত ক্রুসেডার কেনিয়ান সৈন্যদের একটি সামরিক ঘাঁটিতে হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদগণ। যার ফলে দখণদা কেনিয়ান ক্রুসেডার বাহিনীর জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছিলো।

এর আগে শাবেলী সুফলা রাজ্যের "জালউয়ীন" শহরে ক্রুসেডার উগান্ডান বাহিনীকে টার্গেট করে ২টি বোমা হামলা চালিয়েছিলেন হারাকাতুশ শাবাব মুজাহিদগণ। আলহামদুলিল্লাহ্, এখানেও মুজাহিদদের বোমা হামলায় কতক ক্রুসেডার সৈন্য হতাহত হয়েছিলো।

খোরাসান | মুজাহিদদের হামলায় মুরতাদ কাবুল সরকারের ২৯ সেনা সদস্য নিহত

আফগানিস্তানের কয়েটি স্থানে তালেবান মুজাহিদদের পৃথক হামলায় মুরতাদ কাবুল সরকারি বাহিনীর কমপক্ষে ২৯ মুরতাদ সৈন্য নিহত ও আহত হয়েছে।

এর মধ্যে গতকাল (১৪ জুলাই) জাবুল প্রদেশের মিজানা জেলার "তাকির" এলাকায় মুরতাদ কাবুল বাহিনীর উপর একটি সফল হামলা চালিয়েছেন তালেবান মুজাহিদিনরা। এতে মুরতাদ বাহিনীর ২টি গাড়ি ধ্বংস হয়ে যায়, এবং ঘটনাস্থলেই নিহত হয় ৭ মুরতাদ সৈন্য, আহত হয়েছিলো আরো ১১ এরও অধিক।

তবে এ ঘটনায় দুজন তালেবান মুজাহিদও আহত হয়েছেন, আল্লাহ্ তা'আলার তাদেরকে শিফায়ে কামেলা নসিব করুন।

এমনিভাবে হেরাত প্রদেশে তালেবান মুজাহিদদের অন্য দুটি পৃথক হামলায় মুরতাদ কাবুল সরকারি বাহিনীর ৬ সৈন্য নিহত এবং ৫ সৈন্য আহত হয়েছে। এসময় মুজাহিদগণ মুরতাদ বাহিনী থেকে ৩টি চেকপোস্ট বিজয় করতে সক্ষম হন এবং মুরতাদ বাহিনীর ২টি ট্যাঙ্কও ধ্বংস করেন।

খোরাসান | কাবুল বাহিনীতে কর্মরত একজন আন্ডার কাভার তালেবান মুজাহিদের হামলায় ৭ মুরতাদ সৈন্য নিহত

মুরতাদ কাবুল সরকারের নিয়ন্ত্রিত বলখ প্রদেশের একটি সামরিক ঘাঁটিতে একজন তালেবান সমর্থক সেনার হাতে ৭ মুরতাদ সেনা সদস্য নিহত হয়েছে।

বিস্তারিত রিপোর্ট থেকে জানা গেছে, আফগানিস্তানের বলখ প্রদেশে মুরতাদ কাবুল সরকারের "শাহীন কর্পোরেশন" নামক একটি সামরিক ঘাঁটিতে সেনাদের মধ্যকার এক সংঘর্ষে ৭ সেনা সদস্য নিহত হয়েছে।

আফগান ভিত্তিক সংবাদ মাধ্যমগুলো জানায়েছে, মুরতাদ কাবুল সরকারের উক্ত সামরিক ঘাঁটিতেই কর্মরত একজন আন্ডার কাভার তালেবান মুজাহিদ ঐ হামলাটি চালিয়েছেন। যাতে মুরতাদ বাহিনীর ৭ সেনা সদস্য নিহত হয়েছে।

হামলা শেষে ঘাঁটি থেকে নিরাপদে বের হওয়ার পথে ৯ টি অত্যাধুনিক যুদ্ধাস্ত্রসহ তালেবান মুজাহিদদের সাথে এসে মিলিত হয়েছেন ঐ সেনা সদস্য।

উল্লেখ্য যে, এধরণের ঘটনা এবারই প্রথম নয়, বরং হরহামেশাই এখন কাবুল সরকারী বাহিনীর ভিতরে এধরেণের ঘটনা ঘটছে, আর এখন এধরণের ঘটনা অতীতের তুলনায় আরো কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে।

১৪ই জুলাই, ২০২০

খোরাসান | সমানগানে মুজাহিদদের শহিদী হামলার চূড়ান্ত বিবরণ: নিহত ও আহত ১১৯ গোয়ন্দা ও সেনা সদস্য।

আফগানিস্তানের উত্তরাঞ্চলীয় সমানগান প্রদেশের রাজধানীতে তালেবান মুজাহিদদের গতকালের দীর্ঘ ৪ ঘন্টার অভিযানে কাবুল সরকারের ৪৭ গোয়েন্দা ও সেনা সদস্য নিহত হয়েছে, আহত হয়েছে আরো ৭২ গোয়েন্দা ও সেনা সদস্য।

গতকাল ১৩ জুলাই সোমবার সকাল ১১ টার দিকে আফগানিস্তানের উত্তরাঞ্চলীয় সমানগান প্রদেশের রাজধানী "আইবাকে" মুরতাদ কাবুল সরকারের গোয়েন্দা বিভাগ (তথাকথিত জাতীয় সুরক্ষা বিভাগ) এর সদরদপ্তর টার্গেট করে হামলা চালিয়েছেন তালেবান মুজাহিদিন। ইমারতে ইসলামিয়ার শহীদ ব্যাটালিয়নের ৩ জন আল্লাহ্ ভীরু জানবায তালেবান মুজাহিদ উক্ত সফল অভিযানটি পরিচালনা করেছেন। তাঁরা হলেন- হাফিজ মোহাম্মদ কান্দাহারি, বায়তুল্লাহ জাবুলি এবং সাইফ পট্টিকওয়াল)।

তাদের মধ্যে একজন ফিদায়ী মুজাহিদ প্রথমে শক্তিশালী ও ভারী বোমা বিস্ফোরণ ঘটান, ফলে গোয়েন্দা বিভাগের ভিতরে ঢুকার সকল বাধাগুলি ভেঙ্গে পড়ে। পরে অন্য ২ জন ফিদাই মুজাহিদ তাদের অস্ত্র ও গোলাবারুদ নিয়ে বিভাগীয় ভবনে প্রবেশ করেন এবং প্রথম ফিদাই মুজাহিদের শহিদী হামলার পরেও বেঁচে যাওয়া অবশিষ্ট মুরতাদ সৈন্য ও গোয়েন্দা কর্মীদের টার্গেট করে হত্যা করতে থাকেন।

এভাবে টানা ৪ ঘণ্টা যাবৎ উক্ত দুই ফিদাই মুজাহিদ সেনা ও গোয়েন্দা কর্মকর্তাদের হত্যা করতে থাকেন, যতক্ষণ না তাঁরা শাহাদাতের সুমিষ্টীয় পানি পান করেছেন। এই অভিযানে মুজাহিদদের হাতে নিহত হয়েছে মুরতাদ কাবুল সরকারের ৪৭ গোয়েন্দা কর্মকর্তা ও সেনা সদস্য। আহত হয়েছে আরো ৭২ সেনা ও গোয়েন্দা কর্মকর্তা।

ইমারতে ইসলামিয়ার শহীদ ব্যাটালিয়নের উক্ত ৩ জন মুজাহিদের অভিযানের ফলে বেশিরভাগ গোয়েন্দা ভবন ধ্বংস হয়ে গেছে, এছাড়াও অনেক ট্যাঙ্ক, সামরিকযান, গাড়ি ও সামরিক সরঞ্জামাদি ধ্বংস এবং মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে।

এটি উল্লেখযোগ্য যে, মুরতাদ কাবুল মরকারের এই গোয়েন্দা কেন্দ্রটি উত্তরাঞ্চলের অনেক প্রদেশের অপারেশন সেন্টার হিসাবে ব্যবহৃত হয়েছিল। যেখানে থেকে বিপুল সংখ্যক বেসামরিক নাগরিক হত্যা, বন্দী এবং মুজাহিদদের বিরুদ্ধে অপারেশন পরিচালনার পরিকল্পনাগুলো করা হতো।

সোমালিয়া | মুজাহিদদের শহিদী হামলায় সেনাপ্রধানসহ ১৪ সেনা নিহত ও আহত।

আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদগণ সোমালি সেনাবাহিনীর প্রধান কমান্ডার জেনারেল "আদওয়া ইউসুফ রাঘি" কে টার্গেট করে সফল একটি শহিদী হামলা চালিয়েছেন।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর সূত্রে জানা গেছে, সোমালিয়ার রাজধানী মোগাদিসুতে আজ একটি ইস্তেশহাদী (শহিদী) হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদগণ। মুজাহিদদের এই হামলার প্রধান টার্গেট ছিল দেশটির সেনাবাহিনীর প্রধান কমান্ডার জেনারেল "আদওয়া ইউসুফ রাঘি"। এই মুরতাদ সেনাপ্রধান যখন প্রতিরক্ষা মন্ত্রণালয় ত্যাগ করছিল, তখনই হারাকাতুশ শাবাব এর একজন জানবাজ মুজাহিদ তাকে লক্ষ্যবস্তু করে মোটরসাইকেল দ্বারা একটি শহীদ অভিযান চালান।

যার ফলে সেনাপ্রধানের ৫ দেহরক্ষী নিহত হয়েছে এবং সেনাপ্রধান সহ আরো ৯ সেনা সদস্য আহত হয়েছে। এসময় আশপাশে থাকা মুরতাদ বাহিনীর ৩টি সামরিকযানও ধ্বংস হয়ে যায়।

বুর্কিনা-ফাসো | মুজাহিদদের হামলায় এক মেয়রসহ ১৪ মুরতাদ সৈন্য নিহত।

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা ভিত্তিক শাখা "জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন" এর জানবায মুজাহিদদের পৃথক দুটি হামলায় এক মেয়রসহ ১৪ মুরতাদ সৈন্য নিহত হয়েছে।

"ফরাসি প্রেস এজেন্সী" স্থানীয় একটি সূত্রের বরাত দিয়ে জানিয়েছে, চলিত মাসের গত ৮ জুলাই বুর্কিনা-ফাসোর "ইয়েন্তেগা" অঞ্চলে একটি হামলা চালিয়েছে আল-কায়েদা শাখা "জিএনআইএম" এর মুজাহিদিন। এই হামলার ঘটনায় দেশটির ১ মেয়র ও ৮ সেনা সদস্য নিহত হয়েছিলো।

সংবাদ মাধ্যমটি আরো জানিয়েছে, আল-কায়েদা যোদ্ধারা মোটরবাইকের উপর থেকে উক্ত মেয়র ও সেনা সদস্যদের লক্ষ্য করে গুলি চালাতে চালাতে ঘটনাস্থল ত্যাগ করেছিলো।

এরও আগে অর্থাৎ গত ৪ জুলাই বুর্কিনা-ফাসোর "হাবা" অঞ্চলে দেশটির মুরতাদ বাহিনীর বিরুদ্ধে আরো একটি সফল অভিযান পরিচালনা করেছিলেন "জিএনআইএম" এর জানবাজ মুজাহিদিন। আল-কায়েদা যোদ্ধাদের এই হামলাতেও ১ মুরতাদ সেনা নিহত এবং ৫ সেনা সদস্য আহত হয়েছিলো।

অভিযান শেষে মুজাহিদগণ মুরতাদ বাহিনী হতে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র এবং ৬টি মোটরবাইক গনিমত লাভ করেছেন।

খোরাসান | তালেবান মুজাহিদদের হামলায় কাবুল সরকারের ৩৮ এরও অধিক সৈন্য হতাহত, ৫টি সামরিক চৌকি বিজয়

বাদাখশান ও কুন্দুজ প্রদেশে মুরতাদ কাবুল সরকারী বাহিনীর উপর পৃথক হামলা চালিয়েছেন তালেবান মুজাহিদিন। সোমবারের এ হামলায় কাবুল সরকারের কমপক্ষে ২৫ সৈন্য নিহত এবং ১৩ সৈন্য আহত হয়েছে।

বিস্তারিত সংবাদ থেকে জানা গেছে, উত্তর বাদাখশান প্রদেশের "আরঘানজখাহ" জেলায় মুরতাদ কাবুল সরকারি বাহিনীর একটি নিরাপত্তা চৌকিতে হামলা চালিয়েছেন তালেবান মুজাহিদিন। এই মুরতাদ কাবুল সরকারি বাহিনীর কমপক্ষে ৮ সেনা নিহত ও দুই সেনা আহত হয়েছে।

তালেবান মুখপাত্র মুহতারাম জাবিহুল্লাহ্ মুজাহিদ এই হামলার দায় স্বীকার করে বলেন, এই হামলাটি জেলার "শানগিয়াং" এলাকার একটি চৌকিতে করা হয়েছিল, কেননা এখান থেকে বেসামরিক নাগরিকদের হয়রানি করতো মুরতাদ বাহিনীর সদস্যরা। তাই মুজাহিদগণ হামলা চালিয়ে চৌকিটি দখলে নিয়েছেন।

এদিকে, কুন্দুজ প্রদেশের কাউন্সিল সদস্য মোহাম্মদ ইউসুফ আইয়ুবি বলেছে যে, তালেবান মুজাহিদিনরা গত রাতে ইমাম সাহেব জেলার রোজা এলাকায় একটি পুলিশ চৌকিতে হামলা চালিয়েছেন। একই প্রদেশের "চাহারদারা" জেলাতেও আফগান মুরতাদ বাহিনীর আরো ৩টি চেকপোস্টে হামলা চারিয়েছেন তালেবান মুজাহিদিন। এতে মুরতাদ কাবুল সরকারি বাহিনীর ১৭ সৈন্য নিহত এবং ১১ সৈন্য আহত হয়েছে। ধ্বংস করা হয়েছে মুরতাদ বাহিনীর ৩টি ট্যাঙ্ক।

তালেবান মুখপাত্র মুহতারাম জাবিহুল্লাহ মুজাহিদ উভয় হামলার দায় স্বীকার করে বলেছেন, বেসামরিক নাগরিকদের হয়রানি করার কারণে এসব চৌকিতে হামলা চালানো হয়েছে এবং ৪টি চৌকিই বিজয় করা হয়েছে।

তিস্তার পানি প্রবাহিত হচ্ছে বিপদসীমার ওপর দিয়ে , বাঁধ ভেঙ্গে ১০ গ্রাম প্লাবিত

তিস্তার পানি বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় দ্বিতীয় দিনে রংপুরের গঙ্গাচড়ার ছালাপাক এলাকায় বাঁধের ৭০০ মিটার অংশ ভেঙ্গে আশপাশের ১০ গ্রাম প্লাবিত হয়েছে। তলিয়ে গেছে সদ্য লাগানো আমনের আবাদসহ ফসলি জমি। দুটি সড়ক ভেঙ্গে যাওয়ায় যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়েছে।

এলাকাবাসি জানিয়েছেন, তিস্তার পানির তোড়ে ছালাপাক এলাকায় বাদশা নামের এক ব্যক্তি জমিজমার ভাঙ্গণ ও বন্যার পানি রোধে প্রায় ১০০০ মিটারের একটি বালির বাঁধ নির্মাণ করেন। পানি বাড়ায় রোববার ভোরে তার ৭০০ মিটার ধ্বসে যায়। এতে হুহু করে পানিতে তলিয়ে যায় বাঁধটির পুর্বপার্শ্বেও গজঘন্টা ইউনিয়নের ছালাপাক, রমাকান্ত, গাউছিয়া, আলাল, মহিশা শুর, আলমার বাজারসহ আশেপাশের ১০টি গ্রাম। পানিবন্দি হয়ে পড়েছেন নুতন করে ৫ হাজার মানুষ। কোমড় পানির নীচে সেখানকার সদ্য লাগানো আমন ধারের চারা, আমনের বীজতলা, বাদাম, পাটসহ ফসলি জমি। এছাড়াও গাউছিয়া যাওয়ার পথে একটি সড়ক এবং ছালাপাকের একটি সড়ক পানির তোড়ে ভেঙ্গে যাওয়ায় সেখানে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে আছে। দুর্ভোগে পড়েছেন সেখানকার মানুষ।

অন্যদিকে পানি বাড়ায় আলমবিদিতর ইউনিয়নের গাটুপাড়া এলাকায় ৫০ মিটার এবং ভুদভুদিপাড়ায় ২০ মিটার অংশ ভেঙ্গে গেছে। পাইকান জুম্মাপাড়ায় মাদরাসার সামনে ধ্বস ধরায় আতংকে আছে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাদরাসা ও মসজিদ। এছাড়াও নোহালী ইউনিয়নের আলসিয়া পাড়ায় তিস্তা ডান তীর রক্ষা বাঁধে ভাঙ্গন দেখা দিয়েছে। এছাড়াও ঘুটামারি এলাকার টি বাঁধ হুমকির মুখে পড়েছে।

১৩ই জুলাই, ২০২০

খোরাসান | কাবুল প্রশাসনের গোয়েন্দা ঘাঁটিতে শহিদী হামলা, হতাহত অন্তত ৭০

সোমবার আফগানিস্তানের উত্তর সামঙ্গান প্রদেশের আইবাক জেলায় মুরতাদ কাবুল সরকারের নিরাপত্তা অধিদপ্তরের (এনডিএস) অফিসে ইস্তেশহাদী হামলা চালিয়েছে তালেবান মুজাহিদিন।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের তালেবান মুখপাত্র মুহতারাম জাবিহুল্লাহ মুজাহিদ হাফিজাহুল্লাহ্ এই হামলার দায় স্বীকার করে টুইটারে লিখেছেন: আজ সকাল ১১ টার দিকে সামানগান প্রদেশের রাজধানীতে কাবুল প্রশাসনের গোয়েন্দা ঘাঁটিতে একটি শহিদী হামলা করেছেন একজন তালেবান মুজাহিদ।

তিনি আরো যোগ করেছেন যে, ঘাঁটিতে অবস্থানরত মুজাহিদিন জানিয়েছেন, মুরতাদ বাহিনীর সাথে এখনো মুজাহিদদের লড়াই চলছে এবং এ পর্যন্ত ৭০ গোয়েন্দা ও সেনা সদস্য নিহত ও আহত হয়েছে"।

কাবুল সরকারের নিযুক্ত সামানগন প্রদেশের গভর্নর ও তার মুখপাত্র এই হামলার খবরটি স্বীকার করেছে, এবং আফগান সংবাদ মাধ্যমকে জানিয়েছে, এখন পর্যন্ত তারা ৪৩ আহত সেনা সদস্যকে হাসপাতালে নিয়ে ভর্তি করতে সক্ষম হয়েছে।

এটি লক্ষ করা উচিত যে, আজকের এই আক্রমণটি মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইমারতে ইসলামিয়ার তালেবানদের মধ্যে স্বাক্ষরিত চুক্তির পরে বড় শহরগুলিতে সামরিক ঘাঁটি লক্ষ্য করে তালেবানদের প্রথম বড় ধরনের হামলা।

পাকিস্তান | মুজাহিদদের জবাবি হামলায় ৪ মুরতাদ সৈন্য নিহত, আহত কয়েক ডজন

পাকিস্তানি মুরতাদ সেনাবাহিনীর একটি দল মুজাহিদদের অবস্থানে অভিযান পরিচালনা করতে গিয়ে নিজেদের ৪ সৈন্যের লাশ এবং কয়েক ডজন আহত সৈন্যের দেহ নিয়ে ময়দান ছেড়ে পলায়ন করেছে।

গত ১২ জুলাই রবিবার, পাকিস্তানের উত্তর ওয়াজিরিস্তানে তেহরিক-ই-তালেবান পাকিস্তান এর জানবায মুজাহিদদের অবস্থানে অভিযান পরিচালনার বুকভরা স্বপ্ন নিয়ে এগিয়ে গিয়েছিল পাকিস্তানী মুরতাদ বাহিনীর একটি দল। কিন্তু ক্রুসেডার আমেরিকার গোলাম মুরতাদ বাহিনী মুজাহিদদের অবস্থানে পৌঁছার আগেই এই হামলা সম্পর্কে জানতে পারেন তালেবান মুজাহাদিন।

তাই সংবাদ পাওয়ার পর পরই মুজাহিদগণ মুরতাদ বাহিনীকে ভরপুর যুদ্ধের স্বাধ চাখাতে পূর্ব থেকেই প্রস্তুত হয়ে থাকেন ফ্রন্টলাইনে। পাকিস্তানি মুরতাদ বাহিনী যখনই মুজাহিদদের অবস্থানের কাছাকাছি চলে আসে, তখনই পূর্ব পরিকল্পনা অনুযায়ী মুরতাদ বাহিনী কোন কিছু বুঝে উঠার আগেই চতুর্দিক থেকে একযোগে হামলা চালাতে শুরু করেন মুজাহিদগণ।

অবশেষে মুজাহিদদের যুদ্ধকৌশলের সামনে সূচনীয়ভাবে পরাজিত হয় মুরতাদ বাহিনী এবং মুজাহিদদের নিয়ন্ত্রিত এলাকা থেকে খুব দ্রুততই পলায়ন করে। কিন্তু ততক্ষণে মুজাহিদদের হাতে তাদের ৪ সৈন্য নিহত এবং কয়েক ডজন সৈন্য আহত হয়ে গিয়েছিল। পাকিস্তানী মিডিয়া নিহত সেনা সদস্যদের নামের একটি তালিকাও প্রকাশ করেছে, তারা হল-

১) মোহাম্মদ ইসমাইল,

২) মোহাম্মদ শাহবাজ,

৩) রিদওয়ান ও

৪) ওয়াহেদ।

তবে এখনো আহত সৈন্যদের নাম ও নির্দিষ্ট কোন সংখ্যা জানায়নি পাকিস্তানী মুরতাদ বাহিনী।

ক্রুসেডার আমেরিকার গোলাম নাপাক বাহিনী তালেবানদের অবস্থানে হামলার কথা জানালেও, এখনও পর্যন্ত টিটিপি বা অন্য কোনও মুজাহিদ গ্রুপ এই প্রতিরোধ যুদ্ধের দায় স্বীকার করেনি, তবে উত্তর ওয়াজিরিস্তানে টিটিপির পরেই সবচাইতে মজবুত অবস্থানে রয়েছে হিজবুল আহরার। ইতি পূর্বে এই উভয় দলই একজোট হয়ে অনেকগুলো প্রতিরোদ যুদ্ধে অংশগ্রহণ করেছে।

ক্যালিফোর্নিয়া: মার্কিন যুদ্ধজাহাজে বিস্ফোরণ, হতাহত ২১ ক্রুসেডার সৈন্য

ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া রাজ্যের সান দিয়েগো নৌ-ঘাঁটিতে নোঙ্গর করা একটি যুদ্ধ জাহাজে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। তাতে ধোঁয়ার মেঘ ঢেকে নিয়েছিল পুরো নৌ-ঘাঁটিকে। এখন পর্যন্ত ১৮ ক্রুসেডার সেনা সহ নৌ-ঘাঁটিতে কর্মরত মোট ২১ জন হতাহত হয়েছে।

নৌ-অফিসারদের বরাত দিয়ে যুক্তরাষ্ট্র ভিত্তিক সংবাদ মাধ্যমগুলো জানিয়েছে, ১৩ জুলাই যুদ্ধ জাহাটি দুর্ঘটনার শিকার হওয়ার পরপরই উদ্ধার অভিযান শুরু করা হয়েছে, কয়েক ডজন দমকল কর্মী উদ্ধার অভিযানে অংশ নিয়েছে। মার্কিন সংবাদ মাধ্যমের মতে, নৌবাহিনীর জাহাজটি মেরামত করার জন্য নৌ-ঘাঁটিতে নোঙ্গর করেছিল। মার্কিন নৌ কর্মকর্তারা জানিয়েছে, যুদ্ধ জাহাজটিতে প্রায় ১৬০ নাবিক তখনও অবস্থান করছিল। পরে তাদেরকে উদ্ধার করা হয়েছে এবং হতাহতদের হাসপাতালে নেওয়া হয়েছে বলে কর্মকর্তারা জানিয়েছে। তবে এই বিস্ফোরণের ঘটনাটি কিভাবে ঘটেছে সে ব্যাপারে এখনো সুনির্দিষ্ট কোন তথ্য জানায়নি মার্কিন যুক্তরাষ্ট্র।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ১১ মুরতাদ সৈন্য নিহত, আহত আরো ১১ এরও অধিক সেনা সদস্য

আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদদের পৃথক ২টি হামলায় কমপক্ষে ২২ সোমালিয় মুরতাদ সৈন্য নিহত ও আহত হয়েছে, ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর ২টি সামরিকযান।

পূর্ব আফ্রিকা ভিত্তিক আল-কায়েদার অন্যতম শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদগণ গত ১২ জুলাই রবিবার মুরতাদ সোমালিয় সরকারি বাহিনীর বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালনা করেছেন। সোমালিয়ার যুবা রাজ্যের কাসমায়ো শহরে উক্ত সফল অভিযানটি পরিচালনা করেছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর বরাতে জানা গেছে, হারাকাতুশ শাবাব মুজাহিদদের উক্ত হামলায় সোমালিয় মুরতাদ বাহিনীর ৮ সৈন্য নিহত এবং আরো ১০ এরও অধিক সৈন্য আহত হয়েছে। এসময় মুজাহিদদের বোমা হামলায় ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর একটি সামরিকযান।

এমনিভাবে রাজধানী মোগাদিশুর হিডেন শহরেও মুরতাদ সোমালি সরকারের পুলিশ বাহিনীর উপর একটি হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদগণ। এতে মুরতাদ পুলিশ বাহিনীর ১ সদস্য নিহত এবং আরো ১ পুলিশ সদস্য আহত হয়েছে।

এটি লক্ষণীয় যে, একইদিন সকলে যুবা রাজ্যের একটি গ্রামে মুরতাদ বাহিনীর অন্য একটি সামরিক কনভয় লক্ষ্য করেও হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদগণ। এসময় মুজাহিদদের নিক্ষিপ্ত বোমা বিস্ফোরণে ধ্বংস হয়ছে মুরতাদ বাহিনীর একটি সামরিকযান, হতাহত হয়েছে বেশ কিছু সেনা সদস্য। হামলার পর ঘটনাস্থলেই পড়ে থাকে মুরতাদ বাহিনীর সামরিকযানটি।

উদাসিনতায় ঝুলে আছে মানবপাচারের ছয় হাজার মামলা

দুর্বল তদন্ত ও আদালতে সাক্ষী হাজির করতে না পারায় মানবপাচারের অভিযোগে দায়ের হওয়া মামলা নিষ্পত্তিতে সময় লেগে যাচ্ছে বছরের পর বছর। আইনে জামিন অযোগ্য হলেও উচ্চ আদালত থেকে অধিকাংশ আসামিই জামিন পেয়ে যাচ্ছে। ফলে মানবপাচারের সঙ্গে জড়িতরা থাকছে ধরাছোঁয়ার বাইরে। গত আট বছরে ৬ হাজার ১৩৪টি মামলা দায়ের হলেও নিষ্পত্তি হয়েছে মাত্র ২৩৩টি। দেশের বিভিন্ন আদালতে বিচারাধীন রয়েছে ৫ হাজার ৯০১টি মামলা। আদালতে সময়মতো আসামি ও সাক্ষী হাজির করতে না পারায় শুনানি করা যাচ্ছে না এসব মামলা। ফলে বিচারিক আদালতে মামলার কার্যক্রম ঝুলে আছে বছরের পর বছর।

আদালত সূত্রে জানা গেছে, রাজধানীর ক্যান্টনমেন্ট থানার ২০০২ সালের একটি মামলায় এবং তেজগাঁও থানায় ২০০৫ সালের একটি মামলায় কমপক্ষে অর্ধশতবার হাজিরার তারিখ পড়লেও পুলিশ সাক্ষী হাজির করতে পারেনি। এতে ভুক্তভোগীরা হতাশার মধ্যে দিন কাটাচ্ছেন। মানবপাচার-সংক্রান্ত মামলাগুলো গতানুগতিকভাবেই তদন্ত করা এবং মামলার বাদী ও সাক্ষী দুর্বল থাকায় পাচারের শিকার মানুষ সুবিচার পায় না। ফলে প্রভাবশালী আসামিরা খালাস পেয়ে যায় এবং ফের মানবপাচারে যুক্ত হয়। ২০১২ সালের ‘মানবপাচার প্রতিরোধ ও দমন আইনে’ সংঘবদ্ধভাবে মানবপাচারের জন্য মৃত্যুদণ্ড, যাবজ্জীবন কারাদণ্ড ও সর্বনিম্ন সাত বছরের কারাদণ্ড এবং পাঁচ লাখ টাকা অর্থদণ্ডের বিধান আছে। তথ্য মতে, আইনটি হওয়ার পর গত আট বছরে দেশে ৬ হাজার ১৩৪টি মামলা হয়েছে। এগুলোর মধ্যে বিভিন্ন আদালতে ২৩৩টি মামলা নিষ্পত্তি হয়েছে। বিচারাধীন রয়েছে ৫ হাজার ৯০১টি মামলা। এরমধ্যে ৩৩টি মামলায় ৫৪ জনের বিভিন্ন মেয়াদে সাজা হয়েছে।

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের মধ্যে গত ২৮ মে লিবিয়ার মিজদা শহরের মরুভ‚মিতে ২৬ বাংলাদেশিকে গুলি করে হত্যা করা হয়। মারাত্মক আহত হন আরো ১১ জন।শুধু এ ঘটনাই নয়, বিদেশে ভাগ্য বদলাতে গিয়ে পাচারকারীদের হাতে প্রতিনিয়ত প্রাণ হারাচ্ছেন অগণিত মানুষ। পাচারকারীদের হাতে নির্মম নির্যাতনের শিকার

হচ্ছেন তারা। এসব ঘটনায় বিচার চেয়ে নিহতের পরিবার বিভিন্ন সময় মামলা করলেও সুবিচার পাচ্ছেন না। দ্রুত পাচারকারীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন সংশ্লিষ্টরা। ভোরের কাগজ

মার্কিন বিমানবাহী রণতরীতে আগুন লেগে ব্যাপক ক্ষয়ক্ষতি

আমেরিকার সান ডিয়েগো নৌ ঘাঁটিতে নোঙর করা একটি বিমানবাহী রণতরীতে বিস্ফোরণের ফলে সৃষ্টি অগ্নিকাণ্ডে ১৮ সৈন্য ও চার বেসামরিক ব্যক্তি আহত হয়েছে। এ ছাড়া, এতে যুদ্ধজাহাজটির অপূরণীয় ক্ষতি হয়েছে।

ইউএসএস বোনহোম রিচার্ড নামের রণতরীটি সমুদ্রে দায়িত্ব পালনের সময় সর্বোচ্চ ১,০০০ সেনা বহন করতে সক্ষম হলেও গতকাল (রোববার) সকালে এটিতে আগুন ধরে যাওয়ার সময় এটিতে প্রায় ২০০ ক্রু উপস্থিত ছিল।

গণমাধ্যমে প্রকাশিতে ভিডিও ফুটেজে রণতরীটিতে ভয়াবহ আগুন ও ঘন কালো ধোঁয়া অনেক উঁচুতে উঠে যেতে দেখা গেছে।

মার্কিন নৌবাহিনীর অন্যতম মুখপাত্র কৃষ্ণা জ্যাকসন বলেছেন, রণতরীটি মেরামতের জন্য ওই নৌ ঘাঁটিতে নোঙর করা হয়েছিল।তাৎক্ষণিকভাবে বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের কারণ জানা না গেলেও কয়েকদিন ধরে জাহাজটিতে আগুন জ্বলতে থাকতে পারে বলে প্রেস টিভি জানিয়েছে। নয়া দিগন্ত

অন্তত ১৮ সেনা ও চার বেসামরিক ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং তাদের কারো অবস্থা আশঙ্কাজনক নয় বলে দাবি করা হয়েছে।এ ছাড়া, রণতরীতে থাকা কোনো সেনা নিখোঁজ হননি বলেও মার্কিন নৌবাহিনী দাবি করেছে।

---

১৫ বছরে সড়ক সংস্কার না হলেও জানেন না প্রকৌশলী

ঝালকাঠির রাজাপুর উপজেলা সদরের একটি সড়ক গত ১৫ বছরে একবারও সংস্কার করা হয়নি। উপজেলা সদরের ডাকবাংলো মোড় থেকে এলএসডি ঘাট পর্যন্ত গুরুত্বপূর্ণ এই সড়কটি সংস্কার করছে না কর্তৃপক্ষ। দীর্ঘদিন সংস্কার না হওয়ার ফলে সড়কজুড়ে তৈরি হয়েছে বড় বড় গর্ত। এক পশলা বৃষ্টিতেই কাদাজলে মাখামাখি সড়কে ভোগান্তিতে পড়েন গাড়িচালক ও এই সড়কে চলাচল করা পথচারীরা।

জানা যায়, সড়কটি বহু বছর ধরে সংস্কার না হওয়ায় নৌপথে এলএসডি ঘাটে আসা সরকারি চাল ও গম খাদ্য গুদামে নিতে চরম ভোগান্তিতে পড়তে হয় গাড়িচালকদের। এ ছাড়াও স্থানীয় ব্যবসায়ীদের জেলা ও বিভাগীয় শহর থেকে নৌপথে আনা মালামালও এই ঘাট থেকেই আনা-নেওয়া করা হয়। গত ১৫ বছর আগে শেষবার এই সড়কটি সংস্কার করা হয়েছিল। এরপর অজানা কারণে তা আর সংস্কার করা হয়নি। এই সড়কেই রয়েছে

রাজাপুর ফাজিল (ডিগ্রি) মাদরাসাসহ তিনটি শিক্ষাপ্রতিষ্ঠান। অর্ধশতাধিক ব্যবসাপ্রতিষ্ঠান, চারটি করাতকল ও দুটি অটো রাইস মিল। উপজেলা সদরের মধ্যেই গুরুত্বপূর্ণ এই সড়কটি ব্যবহার করেন কয়েক শ শিক্ষার্থীসহ হাজারো মানুষ।

স্থানীয় বাসিন্দা মো. সাইদুল ইসলাম তালুকদার বলেন, উপজেলা সদরের মধ্যে এই সড়কটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারি ও উপজেলা সদরের ব্যবসায়ীরা তাদের মালামাল এ সড়ক দিয়েই এলএসডি ঘাটে আনা-নেওয়া করে। তাই সড়কটি জরুরিভিত্তিতে সংস্কার করা প্রয়োজন।

স্থানীয় ব্যবসায়ী মো. সুমন বলেন, সড়কটিতে বড় বড় গর্ত তৈরি হওয়ায় বৃষ্টির পানি জমে থাকে। এখান থেকে কোনো গাড়ি গেলে আমাদের দোকানের ভেতর পানি প্রবেশ করে মালামাল নষ্ট হয়ে যায়। সড়কটিতে বর্ষা মৌসুমে সব সময় কাদাপানি থাকায় আমাদের দোকানগুলোতে ক্রেতা আসতে চায় না। ফলে দীর্ঘদিন ধরে ব্যবসায়িকভাবে আমরা ক্ষতিগ্রস্ত হচ্ছি।

রিকশাচালক মো. জামাল হোসেন বলেন, মহাসড়কের সাথে এই সড়কটির সংযোগ রয়েছে। সড়কটি সংস্কার হলে উপজেলা সদরের মূল সড়কে যানবাহনের চাপ কমবে। কালের কণ্ঠ

---

১০ হাজার কোটি টাকা মূলধন ঘাটতির পথে সোনালী ব্যাংক

চরম মূলধন ঘাটতির মুখোমুখি সোনালী ব্যাংক। চলতি বছরে রাষ্ট্রীয় খাতের বৃহত্তম এই ব্যাংকের মূলধন ঘাটতি ১০ হাজার কোটি টাকায় পৌঁছবে। শুধু তাই নয়, চলতি বছর ব্যাংকের মুনাফা গত বছরের তুলনায় ৮০০ কোটি টাকা হ্রাস পাবে বলেও শঙ্কা প্রকাশ করা হয়েছে। এই পরিস্থিতিতে সরকারের কাছে দ্রুত আর্থিক সহায়তা কামনা করেছে ব্যাংক কর্তৃপক্ষ। বলা হয়েছে, মূলধন ঘাটতি পূরণের জন্য ১০ হাজার কোটি টাকার সরকারি গ্যারান্টি অথবা পারপেচ্যুয়াল বন্ড ইস্যু না করলে ব্যাংকটির অবস্থা আরো খারাপের দিকে যাবে। সম্প্রতি সোনালী ব্যাংকের সিইও ও ব্যবস্থাপনা পরিচালক ৪ পাতার একটি পত্র দিয়ে এসব কথা জানিয়েছেন।

চিঠিতে ব্যাংকের নানা দিক তুলে ধরে বলা হয়েছে, চলতি অর্থবছরের জানুয়ারি থেকে 'ব্যাসেল-৩' বাস্তবায়নের কাজ পুরোপুরি শুরু হয়েছে। কিন্তু ব্যাসেল-৩ এর কঠোর মূলধন হতে 'ডিফারড ট্যাক্স অ্যাসেটস (ডিটিএ), রিভেল্যুয়েশন রিজার্ভ, প্রভিশন ঘাটতি ইত্যাদি কর্তন, ব্যাংকের আশানুরূপ নিট মুনাফা অর্জিত না হওয়া সর্বোপরি ২০০৭ সালে সোনালী ব্যাংক লিমিটেড কোম্পানিতে রূপান্তরকালীন পুঞ্জীভূত ক্ষতি (লোকসান) ৬ হাজার ৫৭৪ কোটি ৩২ লাখ টাকা 'গুডউইল' রূপান্তর করে গত ১০ বছরে মুনাফার বিপরীতে সমন্বয় প্রভৃতি কারণে এ ব্যাংকের মূলধন ঘাটতি ক্রমান্বয়ে বৃদ্ধি পায়। এরপরও ব্যবসায়িক অবস্থার উন্নয়ন, লোকসানি শাখার সংখ্যা কমিয়ে আনা, শ্রেণীকৃত ঋণ হতে আর্থিক আদায় বাড়ানোর মাধ্যমে খেলাপি ঋণের পরিমাণ কমিয়ে আনা, মুনাফা বৃদ্ধির মাধ্যমে মূলধন ভিত শক্তিশালী করার মাধ্যমে সোনালী ব্যাংক সব বাণিজ্যিক ও রাষ্ট্রায়ত্ত ব্যাংকের মধ্যে ২০১৮ সালে সর্বোচ্চ দুই হাজার ২৬ কোটি টাকা পরিচালনা মুনাফা অর্জন করতে সক্ষম হয়। নিরীক্ষিত হিসাব অনুযায়ী ২০১৯ সালেও প্রায় অনুরূপ মুনাফা প্রত্যাশা করছে। পরিচালন মুনাফা বৃদ্ধির ধারা অব্যাহত রাখার পরও 'ব্যাসেল-৩' কঠোর নিয়মের কারণে বিভিন্ন সমন্বয় ও শ্রেণীকৃত ঋণের আধিক্য এবং প্রভিশন ঘাটতিজনিত

কারণে নিট মুনাফা অর্জনের মাধ্যমে ব্যাংকের মূলধন ঘাটতি পূরণ করা সম্ভব হচ্ছে না বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।

কোভিড-১৯-এর (করোনাভাইরাস) প্রভাব সোনালী ব্যাংকের ওপর সর্বাধিক পড়বে উল্লেখ করে ব্যাংকটির এমডি জানিয়েছেন, এর ফলে প্রাথমিক হিসাবে চলতি ২০২০ সালে ব্যাংকের পরিচালনগত মুনাফা গত বছরের তুলনায় ৮০০ কোটি টাকা কম হবে বলে প্রাক্কলন করা হয়েছে। যা ব্যাংকের মূলধন ঘাটতির ওপর আরো নেতিবাচক প্রভাব ফেলবে। ঝুঁকিভিত্তিক সম্পদের বিপরীতে সোনালী ব্যাংকে আরো বেশি হারে মূলধন সংরক্ষণ করতে হবে বলে ব্যাংকের পক্ষ থেকে উদাহরণ দিয়ে বলা হয়েছে, ২০২০ সালে ব্যাসেল-৩ সম্পূর্ণরূপে বাস্তবায়িত হলে ব্যাংকগুলোকে 'ক্যাপিটাল কনসারভেশন বাফার' বাবদ আড়াই শতাংশসহ ঝুঁকিভিত্তিক সম্পদের বিপরীতে ১২.৫০ শতাংশ হারে মূলধন সংরক্ষণ করতে হবে। তা ছাড়া সোনালী ব্যাংকে 'ডমেস্টিক সিস্টেমেক্যালি ইমপোর্টেন্ট ব্যাংক' (ডিএসসিআইবি) হিসেবে ২.৫০ শতাংশ, 'কাউন্টারসিলিক্যাল ক্যাপিটাল বাফার' (সিসিবি) বাবদ ২.৫০ শতাংশ হিসেবে আরো ৫ শতাংশ সহ সর্বমোট ১৭.৫০ শতাংশ হারে ঝুঁকিভিত্তিক সম্পদের বিপরীতে মূলধন সংরক্ষণ করতে হবে। এ প্রেক্ষিতে ব্যাংকের বর্তমান অবস্থা বিবেচনায় নেয়া হলে ২০২০ সালে সোনালী ব্যাংকের মূলধন ঘাটতির পরিমাণ দাঁড়াবে আনুমানিক ১০ হাজার কোটি টাকা। নিট মুনাফা দ্বারা এই বিপুল পরিমাণ মূলধন ঘাটতি পূরণ স্বল্প মেয়াদে অসম্ভব। নিট মুনাফা অর্জন দ্বারা ব্যাসেল-৩ মোতাবেক মূলধন ঘাটতি পূরণে ব্যাংকের দীর্ঘ সময়ের প্রয়োজন হবে, যা ব্যাসেল-৩ ডেডলাইন পরিপালনে বড় অন্তরায় বলে মনে করছে ব্যাংকটি। নয়া দিগন্ত

এই বিশাল অঙ্কের মূলধন ঘাটতি পূরণে সোনালী ব্যাংকের পক্ষ থেকে তিনটি প্রস্তাব দেয়া হয়েছে। এক, সরকার কর্তৃক নগদ অর্থ সরবরাহের বিপরীতে সরকারের অনুকূলে শেয়ার ইস্যুর মাধ্যমে ঘাটতি পূরণ। দুই, মূলধন ঘাটতি পূরণে সরকার কর্তৃক এ ব্যাংকের অনুকূলে ১০ হাজার কোটি টাকার সরকারি গ্যারান্টি পত্র ইস্যু করা এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক তাকে মূলধন হিসেবে স্বীকৃতিদানের বিষয়টি পুনর্বিবেচনা করা এবং তিন, সরকার কর্তৃক এ ব্যাংকের অনুকূলে নামমাত্র কুপন হারে ১০ হাজার কোটি টাকার সরকারি পারপেচ্যুয়েল বন্ড ইস্যু করা। সোনালী ব্যাংকের এ প্রস্তাবের বিষয়ে জানতে চাইলে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক কর্মকর্তা জানিয়েছেন, এ প্রস্তাবের বিষয়গুলো অর্থমন্ত্রী দেশে ফিরলে তার নজরে আনা হবে। উচ্চপর্যায়ের সিদ্ধান্ত ছাড়া এই প্রস্তাব বাস্তবায়ন সম্ভব নয়।

কোরবানির চামড়া নিয়ে সরকারের বিশৃঙ্খলায় এবারো বঞ্চিত হবেন দরিদ্ররা

কোরবানি পশুর চামড়ার ন্যায্য দাম না পেয়ে গত বছর লক্ষাধিক পিস চামড়া ধ্বংস করা হয়েছিলো। যার বেশির ভাগ মাটিচাপা দেয়া হয়। কিছু ভাসিয়ে দেয়া হয় নদীতে। চামড়ার মূল্য না থাকায় স্মরণকালের ভয়াবহ বিপর্যয়ে পড়ে দেশের চামড়ার বাজার। দামে ধস নামায় প্রায় হাজার কোটি টাকা ক্ষতি হয়। পাশাপাশি এই টাকা থেকে বঞ্চিত হয় মাদ্রাসার এতিম ফান্ড। মৌসুমি ব্যবসায়ীরা ৩০০-৪০০ টাকায় কিনেও সেই চামড়া ৫০ টাকা বিক্রি করতে পারেনি। করোনার কারণে চামড়া নিয়ে এবারো সেই সঙ্কট আরো বাড়ার শঙ্কা করছে ব্যবসায়ীরা। সম্প্রতি চামড়া শিল্প রক্ষায় গঠিত টাস্কফোর্সের সভায় এ শঙ্কার কথা জানান তারা।

সংশ্লিষ্ট সূত্র জানায়, কোরবানির পশুর চামড়ার সঙ্কট উত্তরণ এবং চামড়া শিল্প রক্ষায় গত বছর অক্টোবরে সরকারের চারটি মন্ত্রণালয় ও বেশ কয়েকটি বিভাগের সমন্বয়ে উচ্চপর্যায়ের একটি টাস্কফোর্স গঠন করা হয়। গত ফেব্রুয়ারিতে টাস্কফোর্সের প্রথম সভায় এবারো কোরবানির পশুর চামড়া নিয়ে বিশৃঙ্খলার শঙ্কা করেন সরকারের তিনজন মন্ত্রী এবং এ শিল্পের সাথে সংশ্লিষ্টরা। সভায় একগুচ্ছ প্রস্তাব ও কিছু সিদ্ধান্ত হয়। এর মধ্যে ছিল ঈদের এক মাস আগে চামড়ার দাম নির্ধারণ করে ব্যাপকভাবে প্রচার, এক মাস আগে ট্যানারি মালিক ও আড়তদারদের জন্য চামড়া কেনার প্রয়োজনীয় অর্থ ছাড় করা, প্রয়োজনে সরকার বাজার থেকে অবিক্রীত চামড়া কিনে গুদামজাত করা এবং কাঁচাচামড়া রফতানি করা যায় কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া। ঈদের বাকি আছে আর মাত্র ২০ দিন। অথচ সেই সভার একটি সিদ্ধান্তও এখনো বাস্তবায়ন হয়নি। তার মধ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোকে অর্থ ছাড়ের ব্যাপারে নির্দেশনা দেয়া হলেও কবে নাগাদ সেই টাকা পাওয়া যাবে বা কারা পাবেন তা নিয়ে অনিশ্চয়তায় আছেন ট্যানারি মালিকরা।

সভা সূত্রে জানা গেছে, মৌসুমি ব্যবসায়ী ও ট্যানারি মালিকরা যদি যথাসময়ে চামড়া কিনতে অনাগ্রহী হয় তাহলে বাজারে অতিরিক্ত চামড়া সরকারিভাবে কিনে দুই তিন মাস গুদামজাত করা হবে। এ ছাড়াও সারা দেশে মসজিদের ইমাম, স্থানীয় জনপ্রতিনিধি, এতিমখানা ও মাদরাসার প্রধানদের চামড়া নিয়ে প্রশিক্ষণ দেয়ার সিদ্ধান্ত হয়। এ ছাড়া সরকার নির্ধারিত মূল্যে চামড়া বেচাকেনা হয় কি না তা মনিটরিং করতে জেলা প্রশাসক ও ইউএনওদের সম্পৃক্ত করার সিদ্ধান্ত হয়। সরকারের দেয়া ঋণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে সরকারের আর্থিক বিভাগ। এসব সিদ্ধান্ত কিভাবে বাস্তবায়ন হবে তা এখনো পরিষ্কার করতে পারেনি সরকার।

সভায় চামড়া নিয়ে সার্বিক আলোচনা হলেও ৫টি বিষয়কে প্রাধান্য দেয়া হয়। এর মধ্যে চামড়া শিল্পের সামগ্রিক অবস্থা পর্যালোচনা, শিল্পের বিদ্যমান সমস্যা চিহ্নিত করে তা উত্তরণের উপায়, শিল্পের উন্নয়ন, বাজার সম্প্রসারণ ও রফতানি বৃদ্ধির জন্য সুপারিশ, পরিবেশ আইন বিধিমালা অনুসরণ এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত কমপ্লায়েন্স অর্জনের জন্য কর্মপরিকল্পনা এবং নতুন বাজার অনুসন্ধান, বিদ্যমান বাজার শক্তিশালী করে নতুন নতুন উদ্ভাবন, ব্যবসায়িক উদ্যোগের জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়ন।

সভায় শিল্পমন্ত্রী নুরুল মাজিদ মাহমুদ হুমায়ুন বলেন, চামড়া শিল্পের বিদ্যমান সমস্যা নিরসনে তিনটি মন্ত্রণালয় সমন্বয় করে কাজ করছে। গত বছরের মতো এবারো চামড়া সঙ্কট যাতে তৈরি না হয় সেজন্য আমরা কাজ করছি। চলতি বছর চামড়া যেন নষ্ট না হয় সে জন্য জেলাপর্যায়ে চামড়া সংগ্রহ করে বিভিন্ন গুদামে সংরক্ষণের উদ্যোগ নেয়া হচ্ছে। তিনি বলেন, কাঁচাচামড়া সংগ্রহে প্রয়োজনে আইন সংশোধন করা হবে। চামড়া শিল্প সম্প্রসারণের জন্য রাজশাহী ও চট্টগ্রামে শিল্পনগরী গড়ে তোলা হচ্ছে।

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেন, প্রান্তিক চামড়া ব্যবসায়ীরা যাতে চামড়া কিনতে পারে সেজন্য ট্যানারি মালিকদের সমন্বয়ে গত বছর চামড়ার দাম নির্ধারণ করা হয়েছিল। কিন্তু দামে ধস নামে। তিনি বলেন, ট্যানারি সাভারে স্থানান্তরের ফলে মালিকরা হাজারীবাগের জায়গা বন্ধক রেখে ব্যাংক লোন পাচ্ছেন না। যত দিন ট্যানারি মালিকদের আর্থিক সমস্যার সমাধান না হয় তত দিন কোরবানির চামড়া নিয়ে একটি বিকল্প সমাধান বের করতে হবে। এ ক্ষেত্রে কোরবানির সময় সরকারকে চামড়া কিনতে হবে অথবা কাঁচাচামড়া রফতানি করা যায় কি না সে বিষয়ে উদ্যোগ নিতে হবে।

পরিবেশ মন্ত্রী শাহাব উদ্দিন বাণিজ্য মন্ত্রীর সাথে একমত পোষণ করে বলেন, বাংলাদেশের চামড়া ও চামড়াজাত পণ্যের চাহিদা বিশ্বব্যাপী। সে হিসেবে চামড়া শিল্পের আরো উন্নয়ন দরকার। কিন্তু বর্তমানে মানুষ কেন চামড়া কিনতে অনিচ্ছুক সে বিষয়টি খতিয়ে দেখে কার্যকর ব্যবস্থা নিতে হবে।

বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশনের সেক্রেটারি নুরুল ইসলাম বলেন, টাস্কফোর্সের প্রথম সভায় যেসব সিদ্ধান্ত হয়েছিলো তা বাস্তবায়ন হলে সঙ্কট কাটানো সম্ভব ছিলো। কিন্তু সরকারের পক্ষ থেকে এখনো কোনো সাড়া মেলেনি। তিনি বলেন, ট্যানারি সাভারে যাওয়ায় অনেক কারখানা এখনো চালু করা সম্ভব হয়নি। এতে আশঙ্কাজনক হারে কমে গেছে রফতানি। বিদেশী ক্রেতাদের চাহিদামতো চামড়া দিতে না পারায় তারাও মুখ ফিরিয়ে নিচ্ছে।

কোরবানির চামড়া সংগ্রহ ও সংরক্ষণ, তৃণমূল পর্যায়ে চামড়ার মূল্য নিশ্চিত করা প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য আন্তঃমন্ত্রণালয়ের ১২ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। এ কমিটিকে সংশ্লিষ্টদের সাথে সভা করে সুপারিশসহ একটি প্রতিবেদন দিতে বলা হয়। শিল্প, বাণিজ্য, পরিবেশ মন্ত্রী ছাড়াও টাস্কফোর্সের সভায় এনবিআর চেয়ারম্যান, পররাষ্ট্র, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ট্যানারি মালিক, লেদার খাতে সংশ্লিষ্ট ব্যবসায়ীরা সভায় উপস্থিত ছিলেন।

প্রাণিসম্পদ মন্ত্রণালয় সূত্র মতে, সারা বছর দেশে প্রায় ২ কোটি ৩১ লাখ গরু, মহিষ, ছাগল ও ভেড়া জবাই হয়। এর অর্ধেকই হয় কোরবানির ঈদে। গরু, মহিষ, ছাগল, ভেড়া মিলিয়ে দেশে কোরবানি হয়েছে প্রায় ১ কোটি ১৬ লাখ পশু। নয়া দিগন্ত

এ ব্যাপারে বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশনের (বিটিএ) ডেপুটি সেক্রেটারি মিজানুর রহমান বলেন, গত বছরের চেয়ে এবার আরো ভয়াবহ সঙ্কট হবে। কারণ টাস্কফোর্সের সভায় যেসব সিদ্ধান্ত হয়েছিল সেগুলোর একটিও বাস্তবায়ন হয়নি। সঙ্কটের ব্যাখ্যা দিয়ে তিনি বলেন, কোনো ধরনের প্রস্তুতি ছাড়াই ট্যানারিগুলো সাভারে নিয়ে যাওয়া, মালিকদের জমির দলিল না দেয়া, জমি ও কারখানার টাকা পরিশোধ করে মালিকদের নগদ টাকার সঙ্কট। তিনি বলেন, সাভারে যাওয়ার পরই ট্যানারি মালিকরা ঋণখেলাপি হতে শুরু করে। এ শিল্পকে বাঁচাতে সরকারকে বিশেষ উদ্যোগ নিতে হবে।

নেতানিয়াহুর বিরুদ্ধে ইসরাইলে হাজার হাজার লোকের বিক্ষোভ

ইসরাইলে ১০ হাজারের বেশি লোক তেল আবিবে বিক্ষোভ প্রদর্শন করেছে। করোনাভাইরাস মহামারির কারণে সৃষ্ট অর্থনৈতিক সঙ্কট সামাল দিতে বেনিয়ামিন নেতানিয়াহু সরকারের বিরুদ্ধে এই বিক্ষোভ হয়।

বিক্ষোভকারীরা নগরীর প্রধান প্রধান রাস্তা অতিক্রমের সময় 'বিবি ফিরে যাও!' বলে ধ্বনি দেয়। আইনশৃঙ্খলা বাহিনীর সাথে বিক্ষোভকারীদের সংঘর্ষের পর পুলিশ ২০ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ জানিয়েছে, বিক্ষোভকারীরা পুলিশের ওপর হামলা চালালে তাদের বাহিনীর তিনজন হালকা আহত হয়েছে। রোববার সকালে অর্থমন্ত্রী ইসরায়েল কাটস এক টিভি সাক্ষাতকারে বলেছেন, বিক্ষোভ গণতন্ত্রের অংশ। তাদের যন্ত্রণা আমি বুঝি।

উল্লেখ্য, করোনাভাইরাসের কারণে অনেকে জীবিকা হারিয়ে ফেলায় তাদের কষ্ট আরো বেড়েছে। অনেকে বলছে, সরকার সহায়তার কথা ঘোষণা করলেও তা তাদের হাতে পৌঁছাছে না। নয়া দিগন্ত

সীতাকুণ্ড বেহাল সড়কে জনগনের দুর্ভোগ চরমে

চট্টগ্রাম জেলার সীতাকুন্ডু উপজেলার মান্দারীটোলা সড়কের বেহাল অবস্থা। ইট-সুরকি উঠে রাস্তা ভেঙে দুর্ভোগে হাজারও মানুষ। বিভিন্ন স্থানে সিসি ঢালাইয়ের রড উঠে মাটি বের হয়ে গেছে। ভারী যানবাহনে সৃষ্টি ছোট-বড় অসংখ্য গর্ত পানিতে ডুবে থাকে। ঝুঁকি নিয়ে চলাচল করছে যাত্রীরা। ৫ মিনিটের পথ যেতে লাগে আধাঘণ্টা।

ঢাকা চট্টগ্রাম মহাসড়ক থেকে পশ্চিম দিকে প্রায় ৪ কিলোমিটার পর্যন্ত এই সড়কের অবস্থান। কয়েক বছর যাবৎ এখানে গড়ে উঠছে এলপিজি গ্যাস ফ্যাক্টরি। সড়কটি দিয়ে গ্যাস ফ্যাক্টরির বড় বড় কাভার্ড ভ্যানসহ নানা ধরনের যানবাহন চলাচল করে। এ ছাড়া এই রাস্তা ব্যবহার করে ৪-৫ গ্রামের মানুষ। সরেজমিন দেখা গেছে, এ সড়কের বেশির ভাগ স্থানে কার্পেটিং উঠে বড় বড় গর্ত সৃষ্টি হয়েছে। কিছু জায়গায় ইট বের হয়ে আছে। অনেক স্থানেই মাটি দেবে গেছে।

মান্দারীটোলা গ্রামের অটোরিকশা চালক হারুনুর রুশিদ বলেন, এই সড়কে ছোট-বড় যানবাহন গর্তে পড়ে প্রায়ই উল্টে যায়। গ্যাস ফ্যাক্টরিগুলো নির্মিত হওয়ার পর থেকে রাস্তাটির এমন অবস্থা। গর্ভবতী ও রোগীদের দুর্ভোগ দেখে কান্না আসে। আমাদের সময়

চট্টগ্রামে সন্ত্রাসী আওয়ামীলীগের দুগ্রুপের মধ্যে গোলাগুলি

নগরীর লালখান বাজার মতিঝর্ণা এলাকার বস্তির নিয়ন্ত্রণ নেওয়াকে কেন্দ্র করে শুক্রবার রাতে ও গতকাল সকালে সন্ত্রাসী ক্ষমতাসীন দলের দুপক্ষের মধ্যে দফায় দফায় গোলাগুলি ও সংঘর্ষ হয়েছে। এতে অন্তত চারজন আহত হয়েছে। এ ঘটনায় কেউ গুলিবিদ্ধ না হলেও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশকে হিমশিম খেতে হয়েছে। আর প্রকাশ্যে গোলাগুলির ঘটনায় সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক দেখা দেয়। অনেকে প্রকাশ্যে ক্ষোভও দেখায়।

আহতরা বিভিন্ন হাসপাতালে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। তাদের নাম জানা যায়নি। সংঘর্ষে একপক্ষে নেতৃত্ব দেন জাহেদুর রহমান এবং অন্য পক্ষের নেতৃত্বে ছিলেন সালাহউদ্দিন ওরফে ডিস সালাহউদ্দিন। দুজনই চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সহসম্পাদক সুদীপ্ত বিশ্বাস হত্যা মামলার আসামি। ইতোপূর্বে তারা লালখান বাজার ওয়ার্ড কাউন্সিলর এএফ কবির আহমেদ মানিক ও একই ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দিদারুল আলম মাসুমের সমর্থক।

২০১৭ সালের ৬ অক্টোবর সকালে নগরীর দক্ষিণ নালাপাড়া এলাকায় নিজ বাসার সামনে পিটিয়ে খুন করা হয় চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সহসম্পাদক সুদীপ্ত বিশ্বাসকে। চট্টগ্রাম সরকারি সিটি কলেজের নিয়ন্ত্রণ নেওয়াকে কেন্দ্র করে কোন্দলে প্রাণ যায় সুদীপ্ত বিশ্বাসের। হত্যাকারীরা লালখান বাজার থেকে মোটরসাইকেল ও সিএনজি অটোরিকশা নিয়ে নালাপাড়া যায়। হত্যাকা- শেষে ফিরে আসেন লালখান বাজার। জাহেদুর রহমান ওই ঘটনায় পিস্তল থেকে ফাঁকা গুলি ছুড়ে এলাকায় আতঙ্ক ছড়ান। ইতিপূর্বে জাহেদুর রহমান ও সালাহউদ্দিন দুজনই সুদীপ্ত হত্যা মামলায় পুলিশের হাতে গ্রেপ্তার হন। পরে জামিনে বের হয়ে আসেন। তবে জাহিদ যে পিস্তল দিয়ে গুলি ছুড়েছিলেন, সেই পিস্তল আর উদ্ধার হয়নি।

প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার রাতে মতিঝর্ণা বস্তির নিয়ন্ত্রণকে কেন্দ্র করে সংঘর্ষে আবারও পিস্তল থেকে গুলি ছোড়েন জাহেদ। এ সময় তার প্রতিপক্ষ সালাহউদ্দিনের পক্ষ থেকেও গুলি করা হয়। সালাহউদ্দিনের পক্ষে ছিলেন মো. আলমগীর নামের আরেক সন্ত্রাসী। লালখান বাজার এলাকায় ছাত্রলীগ নেতা দিদারুল ইসলাম আবীর হত্যাসহ তিনিও একাধিক মামলার আসামি। উভয়পক্ষ নিজেদের ছাত্রলীগের নেতাকর্মী দাবি করায় পুলিশকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বেগ পেতে হয়। আমাদের সময়

সূচকে আরো পেছালো বাংলাদেশি পাসপোর্টের মান

সূচকে আরো দুই ধাপ পিছিয়েছে বাংলাদেশি পাসপোর্টের মান। বিশ্বের বিভিন্ন দেশের পাসপোর্টের মূল্যায়ন করে যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা দ্য হ্যানলি অ্যান্ড পার্টনার্স এ র‍্যাংকিং প্রকাশ করেছে। ২০১৯ সালে সারা বিশ্বের মধ্যে বাংলাদেশে পাসপোর্টের মান ছিলো ৯৯তম। এবার যৌথভাবে ইরানের সঙ্গে ১০১তম অবস্থানে রয়েছে।

পরিসংখ্যানে দেখা যায়, ২০০৬ সালে বাংলাদেশি পাসপোর্টের মান ছিলো ৬৮তম। এর পরের বছর তা আরও দুই ধাপ নিচে নেমে যায়। এভাবে ধারাবাহিকভাবে কমছে বাংলাদেশি পাসপোর্টের মান। গত বছর বিশ্বের বাংলাদেশের পাসপোর্টের র‍্যাংকিং ছিলো ৯৯তম।

এবার তা আরও দুই ধাপে নেমে গিয়ে তা হয়েছে ১০১তম। গ্লোবার সূচকে বাংলাদেশ ইরানের সঙ্গে যৌথভাবে ১০১তম স্থানে রয়েছে।

গ্লোবাল র‍্যাংকিং অনুযায়ী শীর্ষস্থানে রয়েছে জাপান। দ্বিতীয় অবস্থানে রয়েছে সিঙ্গাপুর। তৃতীয় স্থানে যৌথভাবে রয়েছে দক্ষিণ কোরিয়া ও জার্মানি। চতুর্থ অবস্থানে যৌথভাবে রয়েছে ইতালি, ফিনল্যান্ড ও লুক্সেমবার্গ। পঞ্চম স্থানে যৌথভাবে ডেনমার্ক ও অস্ট্রিয়া। এছাড়া সুইডেন, ফ্রান্স, পর্তুগাল ও নেদারল্যান্ডস যৌথভাবে ষষ্ঠ স্থানে রয়েছে।

বেলজিয়াম, নরওয়ে, সুইজারল্যান্ড, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র যৌথভাবে ৭ম অবস্থানে রয়েছে। ৮ম র‍্যাংকিংয়ে যৌথভাবে রয়েছে চেক রিপাবলিক, গ্রিস, মাল্টা ও নিউজিল্যান্ড। অস্ট্রেলিয়া ও কানাডা যৌথভাবে ৯ম ও হাঙ্গেরি ১০ম র‍্যাংকিংয়ে রয়েছে। এছাড়া মালয়েশিয়া ১৪তম, ইসরায়েল ২৪তম, তুরস্ক ৫৫তম, কুয়েত ৫৭তম, মালদ্বীপ

৬২তম, বাহরাইন ৬৪তম, ওমান ৬৫তম, সৌদি আরব ৬৭তম, মরক্কো ৭৯তম, ভারত ও তাজিকিস্তান ৮৫তম অবস্থানে রয়েছে।

বিশ্বে ভিসামুক্ত চলাচল স্বাধীনতার ওপর গবেষণা করে প্রতিবছর এ সূচক প্রকাশ করে আসছে দ্য হ্যানলি অ্যান্ড পার্টনার্স। গত ৭ই জুলাই এ তালিকা প্রকাশ করা হয়।

আন্তর্জাতিক বিমান পরিবহন সংস্থার (আইএটিএ) ভ্রমণ তথ্যভাণ্ডারের সহযোগিতা নিয়ে এ সূচক তৈরি করা হয়েছে।

সূত্র: সাউথ এশিয়ান মনিটর

আধিপত্য বিস্তারে সন্ত্রাসী ছাত্রলীগের দুই গ্রুপের দফায় দফায় সংঘর্ষ

চট্টগ্রাম মেডিকেল কলেজে (চমেক) আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় অন্তত ১০ জন আহত হয়েছেন। গতকাল রোববার সকাল সাড়ে ১০টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

চট্টগ্রাম মেডিকেল কলেজ পুলিশ ফাঁড়ির ইনচার্জ জহিরুল হক ভূঁইয়া বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন।

তিনি বলেন, ‘আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ছাত্রলীগের দুইপক্ষের সংঘর্ষ হয়েছে। এখন মেডিকেল কলেজের চারপাশে থমথমে পরিস্থিতি বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করছে পুলিশ।’

চমেক সূত্র জানায়, রোববার সকালে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনে যান শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মুহিবুল হাসান নওফেল। তিনি মেডিকেল থেকে বের হওয়ার পর চট্টগ্রাম সিটি মেয়র আ জ ম নাছির ও নওফেল পক্ষের ছাত্রলীগ কর্মীরা সংঘর্ষে জড়িয়ে পড়েন। আমাদের সময়

দিল্লি হত্যাযজ্ঞঃ মুসলিম হলেই হত্যা করে ফেলে দেওয়া হত নর্দমায়

উত্তর-পূর্ব দিল্লিতে গনহত্যা চলার সময় একটি পিসিআর কল করা হয়েছিলো এবং সেই ফোন কল থেকে দিল্লি পুলিশ এক গুরুত্বপূর্ণ প্রত্যক্ষদর্শীর খোঁজ পেয়েছে। এই ব্যক্তি জানিয়েছেন সশস্ত্র গেরুয়া সন্ত্রাসীরা কীভাবে মুসলিমদের খুঁজে খুঁজে হত্যা করে নর্দমায় ফেলে দিয়েছে। এই গণহত্যার তিনজন নিহতের চার্জশিটে উঠে এসেছে এমনই লোমহর্ষক তথ্য।

তাঁরা হলেন আমিন, ভুরে আলি ও হামজা যাঁদের ২৬ ফেব্রুয়ারি রাত ১০টা ০৫ মিনিটে হত্যা করা হয়েছিলো। ওই কলার পুলিশকে আরও বলেছেন, এক মুসলিমের বাইকে আগুন জ্বালিয়ে দেওয়া হয় এবং সেই বাইকচালক প্রাণ বাঁচাতে নর্দমায় ঝাঁপ দেয়।

সূত্রের খবর অনুযায়ী, ওই কলার দিল্লির গঙ্গা বিহারের বাসিন্দা। তাঁর বয়ানকে এখন অন্যতম প্রমাণ হিসাবে দেখা হচ্ছে। চার্জশিটের বিবরণে জানা গিয়েছে যে তিনজন মুসলিমকে যখন মেরে ফেলা হয় তখন ওই কলার প্রথম কল করেছিলেন। এই হিন্দু কলার ২০ মিনিট পর আবার কল করে বলেন, 'মুসলিমদের হত্যা করা হচ্ছে এবং তাদের বাইক জ্বালিয়ে দেওয়া হচ্ছে।'

ওই কলার সেদিনের ঘটনার বর্ণনা দিতে গিয়ে বলেন, ২৪ ফেব্রুয়ারি সন্ধ্যায় তিনি বাড়ি ফিরছিলেন। গঙ্গা বিহারে এক দল দাঙ্গাকারী তাঁকে ধরে জিজ্ঞাসাবাদ করতে শুরু করে। আচমকা বাইকের ব্রেক কষায় তাঁর বাইক পিছলে যায় ও তিনি পড়ে যান। উঠে দেখেন তাঁর বাইকটি সেখানে নেই। তিনি পিসিআর কল করেন এবং তারপর গোকালপুরি থানায় হাজির হন। কিন্তু তাঁর অভিযোগ নেয়নি পুলিশ। পরের দিন আসতে বলা হয় তাঁকে।

যথারীতি পর দিন বিকাল ৪টায় গোকালপুরি থানা থেকে বাড়ি ফেরার পথে তিনি দেখেন, জোহরিপুর পুলিয়ায় পাথর, লাঠি, তলোয়ার, লোহার রড ইত্যাদি নিয়ে এক বিশাল উগ্র হিন্দু জনতা 'জয় শ্রীরাম' ও 'হর হর মহাদেব' ধ্বনি তুলছে। তারা প্রত্যেকের পরিচয় নিচ্ছিলো এবং মুসলিম পেলেই পিটিয়ে খুন করে নর্দমায় ফেলে দিচ্ছিলো। এই জনতার অধিকাংশেরই মুখ হেলমেট বা কাপড়ে ঢাকা ছিল।

২৬ ফেব্রুয়ারি রাত সাড়ে ৯টা নাগাদ বাইকের সন্ধানে তিনি ভাগীরথী বিহারের নর্দমায় গিয়েছিলেন। গিয়ে দেখলেন যে লোনি থেকে আসা এক লোককে উন্মত্ত জনতা আটক করেছে। সওয়াল-জবাব করে নিশ্চিত হয় যে লোকটি মুসলিম। তারপর তাঁকে অস্ত্র দিয়ে আঘাত করে খুন করে নর্দমায় তাঁর দেহ ফেলে দেয়। এরপর বাইকে করে আরও দুই আরোহী আসছিলেন। তাঁদের সঙ্গেও একই ঘটনা ঘটানো হয়। ধর্মীয় পরিচয় জেনে অনেককে তারা হত্যা করে।

এই ফোন কলার বলেছেন যে, ওই জনতার কয়েকজনকে তিনি চিনিয়ে দিতে পারবেন। চার্জশিটে তাঁর বয়ান অনুযায়ী, সুমিত ও অঙ্কিত ফৌজ দাঙ্গাকারীদের নেতৃত্ব দিচ্ছিলেন। একই এলাকার বাসিন্দা হওয়ায় এই কলার প্রায় সকলকেই চেনেন। এমন নির্মম হত্যাকাণ্ড দেখে বাড়ি ফিরে তিনি পিসিআর নম্বর ১০০-তে কল করেন দু'বার।

দু'জন প্রত্যক্ষদর্শী একই বয়ান দিয়েছেন। চার্জশিটে এক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, 'এই ঘটনা চাক্ষুষ করার পর এতটাই ভয় পেয়েছিলেন যে কাউকে জানাতে পারেননি। পরে পুলিশকে জানানো উচিত বলে মনে করেন।' এই পরিকল্পিত খুনের ঘটনায় পুলিশ ৯ জনের নাম করেছেন। এরা হল লোকেশ সোলাঙ্কি (১৯), পঙ্কজ শর্মা (৩১), অঙ্কিত চৌধুরি (২৩), প্রিন্স (২২), যতীন শর্মা (১৯), হিমাংশু ঠাকুর (১৯), বিবেক পাঞ্চাল (২০), ঋষভ চৌধুরি (২০) ও সুমিত চৌধুরি (২৩)।

ভারতে হাসপাতালের সামনে মুসলিম রোগীকে পিটিয়ে খুন

আমি ওদের কাছে আমার স্বামীর প্রাণভিক্ষা চেয়েছিলাম। বলেছিলাম, এভাবে মারবেন না। ও মরে যাবে। তবুও ওরা শুনল না। এতটুকু মায়া ওরা দেখালো না দেশের একজন মুসলিম নাগরিকের প্রতি। এই কথাগুলোই বলছিলেন মৃত সুলতানের স্ত্রী।

সুলতানের বয়স হয়েছিল ৪৪। এই বয়সের একজন ব্যাক্তিকে পিটিয়ে মেরে ফেলা হয়েছে। খুনি আলিগড়ের একটি প্রাইভেট হাসপাতালের স্টাফরা। আলিগড়ের কারেকা তেহসিলের বাসিন্দা ছিলেন সুলতান।

২ জুলাই তার স্ত্রী, পুত্র ও ভাইপো চমন আলিগড়ের এন বি হাসপাতালে ডাক্তার দেখানোর জন্য গিয়েছিলেন। পরিবারের বয়ান অনুসারে, সুলতান ডিসিউরিয়া (মূত্র সংক্রান্ত রোগ) রোগে ভুগছিলেন কিছুদিন থেকে। প্রাইভেট হাসপাতালগুলো মানুষের পকেট কাটে, ওরা কষাই, এমন কথা প্রায়শই শোনা যায়। এক্ষেত্রে অনেকটা সেটাই ঘটে। অতিরিক্ত অর্থের দাবি করে হাসপাতাল কর্তৃপক্ষ। এইসময় সেটা দিতে অস্বীকার করায় স্টাফরা সুলতানকে পেটাতে শুরু করে। মারতে মারতে আক্রোশে মেরেই ফেলে।

এইদিনই একটি সিসিটিভি ফুটেজ ভাইরাল হয়। তাতে দেখা যায়, একজন মানুষ হাসপাতাল থেকে দৌড়ে গিয়ে স্কুটিতে বসা মানুষকে মারছে। সুলতানের ভাইপো চমন জানান, আমি ও সুলতান স্কুটিতে ছিলাম। আরেকটি ভিডিওতে দেখা যায় চমন একজনকে ধাক্কা দিয়ে আত্মরক্ষা করে। এই সময় তার কাকা প্রচণ্ড আহত। রক্তক্ষরণ হচ্ছিলো। প্রাণনাশের আশঙ্কায় চমন পালটা প্রতিরোধের চেষ্টা করে। কিন্তু শেষরক্ষা হয়নি। যেখানে মানুষ প্রাণ বাঁচানোর তাগিদে যায়, সেখানে গিয়েই প্রাণ খোয়াতে হলো সুলতানকে।

পাকিস্তান | টিটিপির সাথে যুক্ত হয়েছেন কমান্ডার মুখলিস ইয়ার হাফিজাহুল্লাহ ও তাঁর সহযোদ্ধারা।

তেহরিকই তালিবান পাকিস্তান (টিটিপি) এর কেন্দ্রীয় উমারাগণ তাদের অফিসিয়াল উমর মিডিয়ার মাধ্যমে মুসলিম উম্মাহ ও মুজাহিদদের অভিনন্দন জানিয়ে একটি বিশেষ বিবৃতি প্রকাশ করেছেন।

বার্তাটিতে বলা হয়েছে, তেহরিকই তালিবান পাকিস্তান (টিটিপি) জিহাদী বুনিয়াদের উপর প্রতিষ্ঠিত এমন একটি সংগঠন, যা শরীয়তই মুহাম্মদ (সাঃ) এর স্বার্থে ত্যাগ স্বীকার করেছে এবং এই ত্যাগের ধারাবাহিকতা এখনও চলছে ...।

গত ৬ জুলাই 2020 ঈসায়ী সোমবার, তেহরিকই তালিবান পাকিস্তান (টিটিপি) এর প্রাক্তন আমির শহিদ শাইখ হাকিমুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহ্ এর সহযোগীরা কমান্ডার মুখলিস ইয়ার হাফিজুল্লাহ্ এর নেতৃত্বে পূণরায় টিটিপিতে যোগ দিয়েছেন। তাঁরা টিটিপির বর্তমান সাংগঠনিক আমির মুফতী আবু মানসুর আসীম হাফিজুল্লাহর প্রতি আনুগত্যের বায়াত দিয়েছেন... এবং তাঁরা তেহরিকই তালিবান পাকিস্তানের কেন্দ্রীয় নির্দেশনা মেনে চলার প্রতিশ্রুতি দিয়েছেন।

এসময় তেহরিকই তালিবান পাকিস্তানের মুজাহিদিনরা তাদের স্বাগত জানান এবং অন্যান্য সমস্ত জিহাদি দলগুলোকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানিয়ে এই বার্তা দেন যে, ঐক্য এবং ভ্রাতৃত্ববোধ ছাড়া পাকিস্তানের জিহাদী ময়দানে সফলতা অসম্ভব।

মালি | মুজাহিদদের হামলায় ৪ চাদিয়ান সেনা হতাহত, ২টি সামরিকযান ধ্বংস।

মালিতে ক্রুসেডার চাদিয়ান সেনাদের সামরিকযান লক্ষ্য করে জিএনআইএম এর জানবাজ মুজাহিদদের হামলায় নিহত ৩জন। আহত আরো ১ সেনা।

৭ জুলাই সাবাত নিউজ এজেন্সীর প্রকাশিত এক সংবাদ থেকে জানা গেছে, পশ্চিম আফ্রিকা ভিত্তিক আল-কায়েদা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন (জিএনআইএম) এর জানবাজ মুজাহিদিন চাদিয়ান সেনাদের একটি সামরিকযান লক্ষ্য করে সফল বোমা হামলা চালিয়েছেন।

মালির কাইদাল রাজ্যে জিএনআইএম এর জানবাজ মুজাহিদদের পরিচালিত উক্ত বোমা হামলায় চাদিয়ান সৈন্যদের সামরিকযানটি ধ্বংস হয়ে যায়, আর এসময় সামরিকযানে থাকা ৩ চাদিয়ান সৈন্য নিহত এবং আরো ১ সৈন্য গুরুতর আহত হয়।

এমনিভাবে জাতিসংঘ নামক ক্রুসেড সংঘের সাথে মিলে মুজাহিদদের বিরুদ্ধে যুদ্ধরত অবস্থায় চাদিয়ান বাহিনীর অন্য একটি ইউনিটও মুজাহিদদের হামলার শিকার হয়েছে, যার ফলে চাদিয়ান সেনাদের আরো একটি সামরিকযান ধ্বংস হয়ে যায়, এসময় বেশ কিছু সৈন্যও মুজাহিদদের হামলায় হতাহতের শিকার হয়েছে।

সোমালিয়া | আফ্রিকান জোট ও মুরতাদ বাহিনীর উপর মুজাহিদদের হামলা, হতাহত ৮ সৈন্য।

বৈশ্বিক জিহাদী জামায়াত আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদদের পরিচালিত পৃথক দুটি হামলায় কমপক্ষে ৩ মুরতাদ সৈন্য নিহত এবং ৫ এরও অধিক ক্রুসেডার সৈন্য হতাহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ থেকে জানা গেছে, সোমালিয়ার রাজধানী মোগাদিশুর আলীশা শহরে ৭ জুলাই ক্রুসেডার আফ্রিকান জোট বাহিনীর একটি সামরিক বহরে হামলা চালিয়েছেন মুজাহিদগণ। এতে আফ্রিকান জোট বাহিনীর কমপক্ষে ৫ সৈন্য হতাহত হয়েছে, ধ্বংস করা হয়েছে ক্রুসেডার বাহিনীর একটি বিএমবি সামরিকযান।

অপরদিকে রাজধানী মোগাদিশুর বালআদ শহরে হারাকাতুশ শাবাব মুজাহিদদের অপর একটি হামলার শিকার হয়েছে সোমালিয় মুরতাদ বাহিনী। এসময় মুজাহিদদের হামলায় ৩ মুরতাদ সৈন্য নিহত এবং কতক সৈন্য আহত হয়েছে। আলহামদুলিল্লাহ, মুজাহিদগণ গনিমত লাভ করেছেন মুরতাদ সদস্যদের কাছে থাকা যুদ্ধাস্ত্রগুলো।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ৯ এরও অধিক উগান্ডান ক্রুসেডার সৈন্য নিহত ও আহত।

হারাকাতুশ শাবাব আল মুজাহিদিন এর পৃথক দুটি হামলায় ক্রুসেডার উগান্ডান বাহিনীর কমপক্ষে ৪ সৈন্য নিহত এবং ৫ সৈন্য আহত হয়েছে।

আল কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদদের পরিচালিত শাহাদাহ নিউজ এজেন্সী থেকে জানা গেছে, সোমালিয়ান রাজধানী মোগাদিশুর আলিশা অঞ্চলে ৭ জুলাই ক্রুসেডার উগান্ডান সৈন্যদের উপর একটি সফল অভিযান পরিচালনা করেছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে ক্রুসেডার উগান্ডান বাহিনীর ৪ সৈন্য নিহত এবং আরো ২ সৈন্য আহত হয়েছে।

এমনিভাবে শাবেলী সুফলা রাজ্যের কারইউলী শহরে ক্রুসেডার উগান্ডান বাহিনীর বিরুদ্ধে অন্য একটি সফল অভিযান পরিচালনা করেছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। আলহামদুলিল্লাহ্, এখানেও মুজাহিদদের সফল হামলায় ৩এর অধিক ক্রুসেডার সৈন্য হতাহত হয়েছে।

খোরাসান |মেয়াদ উত্তীর্ণ ঔষুধ জব্দ করার পর তা জনসমক্ষে পুড়িয়ে দিচ্ছেন তালেবান মুজাহিদিন ।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের স্বাস্থ্য কমিশন প্রায় সময়ই তাদের নিয়ন্ত্রিত রাজ্যগুলোর ফার্মেসী ও ক্লিনিকগুলোতে অভিযান চালিয়ে থাকেন, জনসাধারণের সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে মুজাহিদগণ এধরনের অভিযানগুলো চালান।

এরই ধারাবাহিকতায় ৭ জুলাই আফগানিস্তানের ফারাহ প্রদেশের "বাকোয়া" জেলাতেও এধরনের অভিযান চালিয়েছেন তালেবান মুজাহিদগণ। এসময় তালেবানদের স্বাস্থ্য কমিশনের সদস্যরা ফার্মেসী ও ক্লিনিকগুলোতে থাকা মেয়াদ উত্তীর্ণ ঔষুধসমূহ জব্দ করেন এবং তা স্থানীয় বাজারের একটি মাঠে জনসমক্ষে পুড়িয়ে ফেলেন।

অভিযান শেষে ফার্মেসী ও ক্লিনিক মালিকদের সতর্ক করে দেওয়া হয়েছে যে, পুনরায় যদি মেয়াদ উত্তীর্ণ ঔষুধ পাওয়া যায়, তাহলে মামলাটি ইসলামি ইমারতের শরিয়াহ আদালতে প্রেরণ করা হবে।

পাকিস্তান | মুজাহিদদের স্নাইপার হামলার শিকার এক মুরতাদ সৈন্য।

তেহরিকই তালিবান পাকিস্তান টিটিপি এর সম্মানিত মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানিয়েছেন যে, টিটিপির জানবায মুজাহিদদের স্নাইপার হামলায় মুরতাদ পাকিস্তান সরকারের এক সেনা সদস্য নিহত হয়েছে।

উমর মিডিয়া কর্তৃক প্রকাশিত এক সংবাদ থেকে জানা গেছে, গত ৬ জুলাই পাকিস্তানের বাজুর এজেন্সীর গাবরী-সার এলাকায় ক্রুসেডার আমেরিকার গোলাম পাকিস্তানী মুরতাদ সামরিক বাহিনীর একটি টহল দলকে টার্গেট করে সফল স্নাইপার হামলা চালিয়েছেন টিটিপি এর জানবায মুজাহিদিন। এতে নাপাক বাহিনীর এক সৈন্য ঘটনাস্থলেই স্নাইপার হামলার শিকার হয়ে মাটিতে টপকে পড়ে, আর বাকি সৈন্যরা জীবন বাঁচাতে দ্রুত উক্ত স্থান থেকে পলায়ন করেছে।

০৭ই জুলাই, ২০২০

হিন্দুদের কাছে কাশ্মীরের মুসলমানদের জমি বিক্রয় করা উচিত নয়: মুফতি তাকী উসমানী

কাশ্মীরে ডেমোগ্রাফিক চেইঞ্জ তথা মুসলমানদের সংখ্যালঘুতে পরিণত করতে ভারতীয় হিন্দুত্ববাদের ষড়যন্ত্রকে বানচাল করা সকল মুসলমানের অবশ্য কর্তব্য বলে মন্তব্য করেন বিশিষ্ট মুসলিম স্কলার মুফতি তাকী উসমানী।

উম্মাহর স্বার্থে ভারতীয় হিন্দুদের কাছে কাশ্মীরের মুসলমানদের জমি বিক্রয় উচিত নয় বলেও মন্তব্য করেন পাকিস্তানের এ আলেমে দ্বীন।

সম্প্রতি এক বয়ানে মুফতি তাকী উসমানী বলেন, ভারত সরকার কাশ্মীরের মুসলমানদের সংখ্যালঘু সম্পদায় হিসেবে পরিণত করতে চায়। সে মর্মে দীর্ঘদিন ধরেই তারা ষড়যন্ত্রে লিপ্ত। সংবিধানের ৩৭০ ধারা বিলুপ্ত করে উপত্যকার কাগুজে বিশেষ মর্যাদা বাতিল করা সে ষড়যন্ত্রেরই অংশ। সর্বশেষ কাশ্মীরের বাইরের লোকদের নাগরিকত্ব প্রদান করে হিন্দুত্ববাদী ষড়যন্ত্র অনেকদূর বাস্তবায়ন করে ফেলেছে। মুফতি তাকী উসমানী বলেন, তাই সকল মুসলমানের কর্তব্য হবে ভারতের এই ঘৃণিত ষড়যন্ত্রকে প্রতিহত করা।

উল্লেখ্য,মালাউন মোদি দখলদার ইসরায়েলের কায়দায় কাশ্মীর দখল করতে চায়। সে লক্ষ্যে প্রায় ২৫ হাজার ভারতীয়কে ভারত দখলকৃত কাশ্মীরে নাগরিকত্ব সনদ দেশটির সরকার। এর মাধ্যমে বিজেপি সরকার কাশ্মীরে জনসংখ্যার বিন্যাস পরিবর্তনের চেষ্টা করছে বলে অভিযোগ করেছে কাশ্মীরের রাজনৈতিক দলগুলো। এই নাগরিকত্ব সনদের ফলে এখন থেকে সেখানে অ-কাশ্মীরিরা স্থায়ী বসতি গড়তে পারবে এবং সরকারি চাকরির সুযোগ পাবে।

ভারতীয় গণমাধ্যম জানিয়েছে, সরকারের এই পদক্ষেপে ক্ষোভে ফেটে পড়েছে কাশ্মীরের জনগণ। তাদের অভিযোগ, নতুন এই আইনকে হাতিয়ার করে দেশের একমাত্র মুসলিম সংখ্যাগরিষ্ঠ রাজ্যের জনসংখ্যার বিন্যাস বদলানোর ছক করছে বিজেপি সরকার।

২০১৯ সালের ৫ আগস্ট ৩৫এ ধারা বাতিল করে কাশ্মীরের রাজ্য ও স্বায়ত্তশাসনের মর্যাদা কেড়ে নেয় বিজেপি সরকার। বাতিল করা হয় কাশ্মীরের নাগরিকত্ব সুরক্ষা আইনও। এর আগে জম্মু-কাশ্মীরের নিজস্ব সংবিধান ছিল। সেই সংবিধান অনুযায়ী, বাইরের রাজ্যের কেউ ভূস্বর্গের স্থায়ী নাগরিক হতে পারতেন না। জমি, স্থাবর সম্পত্তির মালিকও হতে পারতেন না।

তবে এখন থেকে ভারতীয়রা কাশ্মীরের নাগরিকত্বের জন্য তহশিলদারের কাছে আবেদন করতে পারবেন। শর্ত পূরণ করলে যে কাউকে এই সনদ দিতে কোনো কর্মকর্তা অকারণে দেরি করলে তাকে পাঁচ লাখ টাকা জরিমানা করা হবে।

গাজায় দুগ্ধ খামারে সন্ত্রাসী ইসরায়েলের হামলা

গাজা শহরের পূর্বে আল-জায়েতুন এলাকায় দখলদার ইসরাইল বোমা হামলা চালিয়েছে। এতে কয়েকটি দুগ্ধখামার পুরোপুরি ধ্বংস হয়েছে।

মিডলইস্টে মনিটরের বরাতে জানা যায় গতকাল রাতে (৫ জুলাই)সন্ত্রাসী ইসরায়েলের বিমানবাহিনী অবরুদ্ধ গাজা উপত্যকার পূর্বদিকে বেশ কয়েকটি এলাকায় বোমাবর্ষণ করেছে।এসব হামলায় সন্ত্রাসীরা হেলিকপ্টার এবং কমপক্ষে ৫টি এফ -১৬ যুদ্ধবিমান ব্যবহার করেছে।

হামলায় দুটি দুগ্ধখামার সম্পূর্ণ ধ্বংস হয়েগেছে। আশপাশের বসতবাড়ি জানালা ও কৃষি জমি বরবাদ হয়েছে।

ফিলিস্তিনের পশ্চিম তীর দখল করতে প্রায়ই দখলদার ইসরাইল মুসলিমদের কৃষি জমি,খামার ও অন্যান্য স্থানে হামলা চালিয়ে ধ্বংস করে দেয়।অথচ এর জন্য দখলদার ইসরাইলকে কোন প্রকার বিচারের মুখোমুখি হতে হয় না।

গ্রাম দখল করে নিচ্ছে ইসরায়েল, প্রতিরোধ গড়ায় গুলিবিদ্ধ ২ ফিলিস্তিনি

ফিলিস্তিনের পশ্চিম তীরের সালফিত শহরস্থ বিদ'আ গ্রাম দখল করতে আসে ইহুদীবাদী ইসরায়েলের সৈন্যরা। খবর পেয়ে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলেন সেখানকার বেসামরিক জনগণ। এসময় দখলদার ইসরায়েলি সৈন্যরা এলোপাতাড়ি গুলি চালিয়ে দুজন ফিলিস্তিনি গ্রামবাসীকে আহত করে।

রবিবার (৫ জুলাই) ফিলিস্তিনের ওই গ্রামে এ ঘটনা ঘটেছে বলে দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্রে বলা হয়েছে।

সূত্রে বলা হয়, কিছু বেসামরিক ফিলিস্তিনি জনগণ তাদের গ্রামের একটি ভূমি ইসরায়েল কর্তৃক জবরদখল হতে দেখলে প্রতিরোধ করার জন্য সেই স্থানে অনেকে একত্রিত হতে শুরু করেন। এসময় ইহুদী সন্ত্রাসীরা খোলসে থাকা অস্ত্র দিয়ে এলোপাতাড়ি গুলি চালিয়ে দুজন ফিলিস্তিনিকে আহত করে।

হামলার পর পর স্থানীয় লোকজন দুজনকেই খুব দ্রুত নিকটস্থ হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে গিয়েছিলেন।

সূত্র : ইনসাফ টুয়েন্টি-ফোর ডটকম।

খোরাসান | এক মাসে তালেবানদের কাছে আত্মসমর্পণ করেছেন ৯০০ সরকারী সেনা ও পুলিশ সদস্য।

ইমারতে ইসলামিয়ার বিজয় যতটাই সন্নিকটে হচ্ছে, ততটাই মুরতাদ কাবুল সরকারি বাহিনীর প্রতিটি বিভাগেই এর প্রভাব পড়ছে। কাবুল সরকার কার্যত বর্তমানে একজন মেয়রের ভুমিকায় আছেন বলেই মনে করেন বিশ্লেষকরা।

তালেবানদের বিজয়ের এই প্রভাব সবচাইতে বেশি পড়ছে কাবুল সরকারের সামরিক বাহিনীতে, যার ফলে দেখা যাচ্ছে প্রতিদিনই কাবুলের সামরিক বাহিনী হতে ডজনে ডজনে সেনা ও পুলিশ সদস্য তালেবানদের কাতারে এসে শামিল হচ্ছে।

সাম্প্রতিক সময়ে তালেবানদের কাছে আত্মসমর্পণকারী সরকারি সৈন্য সংখ্যা প্রচুর পরিমাণ বৃদ্ধি পেয়েছে। তালেবানদের প্রকাশিত এক রিপোর্ট থেকে জানা গেছে, শুধু গত জুন মাসেই মুরতাদ কাবুল সরকারের সামরিক বাহিনী থেকে প্রায় ৯০০ জন সেনা ও পুলিশ সদস্য ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করেছে। এছাড়াও কয়েক হাজার সেনা তাদের সামরিক পদ ত্যাগ করে নিজেদের বাড়িঘরে ফিরে গেছেন।

শাম | স্নাইপার হামলায় নিহত হয়েছে আসাদ সরকারের এক সিনিয়র অফিসার।

নুসাইরী শিয়া সরকার আসাদের নিয়ন্ত্রিত রাজধানী দামেস্কে স্নাইপার হামলায় নিহত হয়েছে উচ্চপদস্থ এক সিনিয়র অফিসার।

গত ৫ জুলাই মুরতাদ আসাদ সরকারের নিয়ন্ত্রিত সারিয়ার রাজধানী দামেস্কে অজ্ঞাতপরিচয়ে এক ব্যাক্তির স্নাইপার হামলায় নিহত হয়েছে "আলী জুম্বল্যাট" নামক এক উচ্চপদস্থ সিনিয়র শিয়া অফিসার। এই "আলী জুম্বল্যাট" ছিল বাশার আল-আসাদের ভাই মাহেরের খুবই কাছের লোক, যার নেতৃত্বে শহিদ করা হয়েছে হাজার হাজার নিরাপরাধ সিরিয়ান মুসলিমদেরকে। অবশেষে আল্লাহর এক বান্দা তাকে তার পাওনা মিটিয়ে দিয়েছেন।

উল্লেখ্য যে, সাম্প্রতিক সময় মুরতাদ আসাদ সরকারের নিয়ন্ত্রিত হিমস্ দ্বীর'আ, ও রাজধানী দামেস্কে গুপ্ত হামলার পাশাপাশি স্নাইপার হামলাও অধিক পরিমাণে বৃদ্ধি পেয়েছে। এসকল হামলায় টার্গেটে পরিণত হচ্ছে মুরতাদ বাহিনীর সিনিয়র সেনা কমান্ডার ও উচ্চপদস্থ অফিসাররা। হত্যা করা হচ্ছে মুরতাদ আসাদ সরকারের ঘনিষ্ঠ ও কাছের মুরতাদ সদস্যদেরকে। অন্যদিকে মুক্ত এলাকাগুলোর সীমান্তে অবস্থিত মুরতাদ বাহিনীর সদস্যদের টার্গেট করে করে হত্যা করছেন আল-কায়েদা যোদ্ধারা। মর্টার, মিসাইল, কামান ও স্নাইপার হামলার পাশাপাশি মাইন হামলাও চালাচ্ছে আল-কায়েদা যোদ্ধারা।

খোরাসান | তালেবানদের কাছে আত্মসমর্পণ করেছে কাবুল সরকারের ৬২ সেনা সদস্য।

আফগানিস্তানের উত্তরের বালখ ও বাগলান প্রদেশের কয়েকটি জেলা থেকে ইমারতে ইসলামিয়ার কাছে নতুন করে আত্মসমর্পণ করেছে মুরতাদ কাবুল সরকারী বাহিনীর ৬২ সেনা সদস্য।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তান এর তালেবান মুখপাত্র মুহতারাম "জাবিহুল্লাহ মুজাহিদ" হাফিজাহুল্লাহ্ সোমবার (৬ জুলাই) তার টুইটার পাতায় গণমাধ্যমের কাছে একটি পাঠ্য বার্তা প্রেরণ করে বলেছেন যে, বালখ প্রদেশের চাহারবোলাক, চামতল, দৌলতাবাদ, কাশন্দী, জারা'আ, কালদার ও শুলগর জেলাগুলো থেকে ৪০ জন সরকারি সেনা ও পুলিশ কর্মকর্তা তালেবান মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করেছেন।

এমনিভাবে বাগলান প্রদেশের "পুলখামারী" জেলা হতেও মুরতাদ কাবুল প্রশাসনের ২২ সেনা ও পুলিশ সদস্য তাদের পদ থেকে পদত্যাগ করে তালেবান মুজাহিদদের কাছে আত্মসমর্পণ করেছেন।

তালেবান মুখপাত্র আরো লিখেছেন যে, তালেবানের দাওয়াহ ও গাইডেন্স কমিশন আত্মসমর্পণকারী সরকারী সৈন্যদের স্বাগত জানিয়েছেন, তাদেরকে সাধারণ জীবনে ফিরে আসার ব্যাবস্থা করে দিয়েছেন, এবং তাদের প্রত্যেককে একটি করে সুরক্ষা কার্ড দেওয়া হয়েছে।

০৬ই জুলাই, ২০২০

বেশিরভাগ প্রকল্পে দ্বিগুণ সময় বাড়িয়েও অগ্রগতি মাত্র ২৬ শতাংশ : খরচ বেড়েছে দ্বিগুণ

উন্নয়ন কার্যক্রমের গতিপ্রকৃতি দেখে ধীরগতির প্রাণী কচ্ছপও যেন লজ্জিত হবে। তার চলার গতির চেয়ে ধীরে চলে বাংলাদেশের বেশির ভাগ উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন। যার কারণে সময়ের সাথে সাথে অর্থও ঢালতে হচ্ছে দ্বিগুণ পরিমাণ। চার বছরে বাস্তবায়নের কথা ছিল বৃহত্তর ঢাকা টেকসই নগর পরিবহন প্রকল্প। দফায় দফায় সময় বাড়িয়ে সাড়ে ৭ বছরে সেটির কাজ হয়েছে মাত্র এক-চতুর্থাংশ বা ২৬ দশমিক ২৪ শতাংশ। খরচ বেড়েছে দ্বিগুণ। দুই দফায় সময় বাড়িয়েও লক্ষ্যমাত্রা থেকে ৭৩ দশমিক ৭৬ শতাংশ পিছিয়ে আছে প্রকল্পটি। বিলম্বের জন্য ঠিকাদারকে দায়ী করছেন প্রকল্প পরিচালক। আর পরিকল্পনা কমিশনের আইএমইডি বলছে, ঠিকাদারের দুর্বল অর্থ ব্যবস্থাপনা, প্রকল্পের কার্যক্রম সুনির্দিষ্টভাবে চিহ্নিত না করা এবং সঠিক পরিকল্পনা না করার জন্য এই দুর্গতি।

প্রকল্পের ইতিবৃত্ত থেকে জানা যায়, বৃহত্তর ঢাকার ট্রান্সপোর্ট সিস্টেমকে আধুনিক ও সমন্বিত করার প্রয়াসে ২০০৫ সালে বিশ্বব্যাংকের প্রণীত কৌশলগত পরিবহণ পরিকল্পনা (এসটিপি-২০০৫) সরকার কর্তৃক অনুমোদিত হয়। সেই পরিপ্রেক্ষিতে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) কর্তৃক নগর পরিবহন বিষয়ক কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে যাচাইয়ের জন্য পরামর্শক নিয়োগ করা হয়। ২০১১ সালে এডিবি সমীক্ষা করে। এই সমীক্ষা জরিপে গাজীপুর-টঙ্গী-বিমানবন্দর পর্যন্ত বিআরটি সড়ক নির্মাণ সম্ভব বলে বিবেচিত হয়। সম্ভাব্যতা সমীক্ষার ফলাফলের ভিত্তিতে সরকারের সিদ্ধান্ত মোতাবেক উন্নয়ন সহযোগীদের আর্থিক সহযোগিতায় বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) লাইন-৩ গাজীপুর থেকে ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত ২০ দশমিক ৫০ কিলোমিটার বাস করিডোর নির্মাণ কার্যক্রম শুরু হয়। প্রকল্পটি বাস্তবায়ন হলে গাজীপুর থেকে টঙ্গী হয়ে উত্তরাসহ রাজধানীর সাথে দ্রুত, নিরাপদ, সাশ্রয়ী ও পরিবেশবান্ধব পরিবহন ব্যবস্থায় ঘণ্টায় ২০ হাজার যাত্রী চলাচল করতে পারবে।

সরকার ২০১২ সালের ২০ নভেম্বর একনেক সভায় গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) অনুমোদন দেয়। ২ হাজার ৩৯ কোটি ৮৪ লাখ ৮৯ হাজার টাকার এই প্রকল্পটি ২০১৬ সালের ডিসেম্বরে শেষ করার অনুমোদিত মেয়াদ। ডিপিপির প্রথম সংশোধনীতে প্রকল্প মেয়াদ পরিবর্তন না করে শুধু প্রকল্প সাহায্য ও স্থানীয় মুদ্রার সমন্বয় করা হয়। তবে প্রকল্প ব্যয়ের কোনো সংশোধনী করা হয়নি। এরপর ২০১৭ সালের ২ জানুয়ারিতে মেয়াদ ২ বছর বাড়ানো হয়। ২০১৮ সালের ৪ নভেম্বর দ্বিতীয় সংশোধনীর মাধ্যমে প্রাক্কলিত ব্যয় বাড়িয়ে ৪ হাজার ২৬৮ কোটি ৩২ লাখ ৪৩ হাজার টাকায় উন্নীত করা হয়। এখানে প্রকল্প সহায়তা ৬৬ শতাংশ বৃদ্ধি পায়। মেয়াদ বাড়িয়ে ২০২০ সালের জুন পর্যন্ত নেয়া হয়। অর্থায়নকারী সংস্থা হলো,

এডিবি, ফরাসী উন্নয়ন সংস্থা (এএফডি), গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (ডিইএফ)। দুঃখজনক হলো প্রকল্প সাহায্য বৃদ্ধি পেলেও অতিরিক্ত এক হাজার ৩১৬ কোটি ১১ লাখ টাকা বৈদেশিক সাহায্যের অর্থ এখনো পর্যন্ত প্রদান করা হয়নি।

বিশ্লেষণ থেকে জানা যায়, দ্বিতীয় সংশোধনীতে ভূমি অধিগ্রহণ ব্যয় ৬৬ কোটি ৪৮ লাখ থেকে ২২৪ কোটি ৫০ লাখ টাকা ও ক্ষতিপূরণ ব্যয় ১৫৬ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। বিমানবন্দরে ভূগর্ভস্থ পথচারী টানেল নির্মাণে ৪২০ কোটি টাকা বরাদ্দ ধরা হয়। এ ছাড়া ভৌত অবকাঠামোর দৈর্ঘ্য বৃদ্ধি, প্রাক্কলন প্রস্তুতে সড়ক ও জনপথ বিভাগের (সওজ) ২০১৫ সালের রেট শিডিউল ব্যবহারের কারণে ১০৯ শতাংশ ব্যয় বেড়েছে। এই প্রকল্পের প্রধান কাজ হচ্ছে ২০ দশমিক ৫০ কিলোমিটার পেইন করিডোর নির্মাণ। যার ১৬ কিলোমিটার এ্যাট গ্রেড, সাড়ে ৪ কিলোমিটার অ্যালিভেটেড। এ ছাড়া বিআরটি বাস ডিপোসহ বিভিন্ন স্থানে স্টপেজ নির্মাণ করা। পাশাপাশি মেইন করিডোর সংলগ্ন ১১৩টি বা ৫৬ কিলোমিটার সংযোগ সড়কের উন্নয়ন। টঙ্গী থেকে জয়দেবপুর পর্যন্ত ২৮ কিলোমিটার উচ্চক্ষমতাসম্পন্ন ড্রেন নির্মাণ ও ১০টি কাঁচাবাজার নির্মাণ। রয়েছে আর্টিকুলেটেড বাস ক্রয়।

প্রতিবেদন থেকে জানা যায়, অবকাঠামো কাজের ডিজাইন, প্রাক্কলন প্রস্তুত, দরপত্রের মাধ্যমে প্রস্তুত এসব বিষয়ের জন্য পরামর্শক প্রতিষ্ঠান এসএমইসি ইন্টা. প্রাইভেট লিমিটেডকে ২০০৩ সালের মে মাসে নিয়োগ দেয়া হয়। বিস্তারিত ডিজাইন, দরপত্র আহ্বান এসব কাজ সম্পন্ন করে চারটি প্যাকেজে বিভক্ত ভৌত অবকাঠামো বাস্তবায়নের জন্য ঠিকাদারের সাথে চুক্তি করতেই ৫ বছর অতিক্রম করে। সিও-৪ চুক্তি ২০১৬ সালের ৪ ফেব্রুয়ারি, অ্যালিভেটেড সেকশনের সিও-২ চুক্তি হয় ২০১৭ সালের ১৭ অক্টোবর। সিও-৩ এবং সিও-৪ এর অগ্রগতি শতভাগ। মূল্যও পরিশোধ করা হয়েছে। কিন্তু সিও-১ এর অগ্রগতি ৪২.৫২ শতাংশ এবং সিও-২ এর অগ্রগতি ২৯.২০ শতাংশ। ফলে ২০২০ সালের জুনে যে প্রকল্পটি সমাপ্ত হওয়ার কথা সেটার অগ্রগতি সমাপ্তির আগের মাস অর্থাৎ মে পর্যন্ত মাত্র ৩২ দশমিক ৪০ শতাংশ। যেখানে অর্থ ব্যয় হয়েছে ২৬ দশমিক ২৪ শতাংশ। দুদফায় সময় বাড়িয়েও লক্ষ্যমাত্রা থেকে ৭৩ দশমিক ৭৬ শতাংশ পিছিয়ে আছে প্রকল্পটি। এ দিকে চুক্তি সিও-১ শেষ করার জন্য ২০২১ সালের জানুয়ারি এবং চুক্তি সিও-২ এর কাজ শেষ করার জন্য ২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত সময় বাড়ানোর জন্য বলেছে ঠিকাদার প্রতিষ্ঠান। আর প্রকল্প পরিচালক প্রকল্পটি সমাপ্তির জন্য ২০২২ সালের জুন পর্যন্ত সময় চেয়েছে বলে পরিকল্পনা কমিশন সূত্রে জানা গেছে। গত মে পর্যন্ত খরচ হয়েছে এক হাজার ১১৯ কোটি ৯৫ লাখ ৩৫ হাজার টাকা।

২০২০ সালের মে পর্যন্ত কাজের সরেজমিন অগ্রগতি হলো, প্যাকেজ-১ এ ৬টি ফ্লাইওভারসহ ১৬ কিলোমিটার সড়ক নির্মাণ মাত্র ৪২ দশমিক ৫২ শতাংশ, যা ২০২০ সালে ১৯ জুন সমাপ্ত করার কথা ছিলো। প্যাকেজ-২ এর আওতায় সাড়ে ৪ কিলোমিটার অ্যালিভেটেড বাস লাইন নির্মাণকাজ হয়েছে মাত্র ২৯.২০ শতাংশ, যা ২০২০ সালের ১৮ জুন শেষ করার কথা। প্যাকেজ-৩ এর আওতায় ১১৩টি সংযোগ সড়ক উন্নয়ন ও ১০টি কাঁচাবাজার নির্মাণ, যা ২০১৯ সালের ১০ ডিসেম্বর শেষ হয়েছে। আর প্যাকেজ-৪ এর আওতায় গাজীপুরে একটি বিআরটি ডিপো নির্মাণ, সেটিও ২০১৯ সালে শেষ হয়েছে।

বাস্তবায়নের ক্ষেত্রে দুর্বলতা ও সমস্যা তুলে ধরে সরকারি সংস্থা আইএমইডি বলছে, প্রকল্প এলাকায় রাস্তার পাশে ড্রেনেজ ব্যবস্থা না থাকায় বৃষ্টিসহ দৈনন্দিন ব্যবহারের পানি জলাবদ্ধতা সৃষ্টি করছে। ফলে নির্মাণকাজে সমস্যা হচ্ছে। এ ছাড়া ঠিকাদার প্রতিষ্ঠান স্ট্যাক ইয়ার্ডের যথেষ্ট জায়গা না পাওয়ায় পূর্ত কাজের দীর্ঘসূত্রতা সৃষ্টি

হয়েছে। বাস্তবায়নে ধীরগতির কারণেই প্রকল্পের খরচ বাড়ছে। বিগত চার বছরে তিনবার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। ফলে নতুন পিডিকে কাজ বুঝতে সময় লেগেছে। ২০২০ সালে প্রকল্পটি কোনোভাবেই সমাপ্ত হচ্ছে না।

প্রকল্প পরিচালক জানান, একটি প্যাকেজের চুক্তি ঠিকাদার ৬.৫২ শতাংশ নিম্নদরে চুক্তিবদ্ধ হয়। যা কাজের অগ্রগতিতে প্রভাব ফেলছে। ঠিকাদার নিজ দায়িত্বে এই নিম্নদর প্রদান করে। এ ছাড়া ঠিকাদারের অপর্যাপ্ত অর্থ প্রবাহও একটি কারণ। আইএমইডি বলছে, ডিপিপি প্রণয়নে অধিক মনোনিবেশ করা, ঠিকাদার নির্ধারিত সময়ে কাজ শেষ করতে না পারলে চুক্তির শর্তাবলীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। প্রকল্প এলাকায় জলাবদ্ধতা নিরসনে নির্মিত ড্রেন কার্যকর রাখতে চাই আউটফল খালগুলো প্রতিনিয়ত খনন ও সংস্কার অব্যাহত রাখা। তাদের অভিমত, এমন একটি গুরুত্বপূর্ণ প্রকল্প দায়সারা সমীক্ষার মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। ফলে দফায় দফায় সময় ও ব্যয় বাড়ছে। তবে ভবিষ্যতে সব ধরনের প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বিশদ সমীক্ষার আলোকে প্রকল্প গ্রহণ করতে হবে।

সরকারি জোরে বালু উত্তোলনে হুমকির মুখে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ

পাবনার বেড়া উপজেলার যমুনা নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনে হুমকির মুখে বন্যা নিয়ন্ত্রণ ও তীররক্ষা বাঁধ। এলাকাবাসীর অভিযোগ, অবৈধভাবে বালু তোলার কারণে এবারের বর্ষা মৌসুমে রূপপুর ইউনিয়নের ঘোপসিলেন্দা গ্রামে যমুনার ব্যাপক ভাঙন দেখা দিয়েছে।

এ ছাড়া উপজেলার চরপেঁচাকোলা, মোহনগঞ্জ, দক্ষিণ চরপেঁচাকোলা, চরনাকালিয়াসহ কয়েকটি গ্রামও নদীভাঙনে ক্ষতিগ্রস্ত হয়েছে। বালু তোলার ফলে ২০১৭ সালে পেঁচাকোলা গ্রামে যমুনা নদীর তীররক্ষা বাঁধের ৫০ মিটারেরও বেশি অংশ ধ্বসে পড়ে। হুমকির মুখে পড়ে জেলা বন্যানিয়ন্ত্রণ বাঁধ। পরে বেড়া পানি উন্নয়ন বোর্ড (পাউবো) তড়িঘড়ি করে প্রায় অর্ধকোটি টাকা ব্যয়ে ধসে যাওয়া অংশ মেরামত করে। এবারের বর্ষা মৌসুমেও পেঁচাকোলা এলাকার তীররক্ষা বাঁধে ধস ও ফাটল দেখা দিয়েছে।

পাউবোর বেড়া কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী আবদুল হামিদ বলেন, যমুনা নদীর যেসব এলাকা থেকে বালু তোলা হচ্ছে তার কাছেই রয়েছে বন্যা নিয়ন্ত্রণ ও তীররক্ষা বাঁধ।

অবৈধ বালু তোলার কারণে গুরুত্বপূর্ণ ওই দুটি স্থাপনা মারাত্মক ঝুঁকির মধ্যে রয়েছে। এ বিষয় আমরা প্রশাসন বরাবর ব্যবস্থা নেওয়ার জন্য একাধিকবার চিঠি দিয়েছি। আর যমুনার ওই এলাকায় কোনোভাবেই বালুমহাল করা যাবে না বলে সপ্তাহখানেক আগে আমরা সংশ্লিষ্ট দপ্তরে প্রতিবেদন দিয়েছি।

সরেজমিন দেখা যায়, বেড়া উপজেলার মোহনগঞ্জ থেকে ঢালারচর পর্যন্ত যমুনা নদীর প্রায় ২০ কিলোমিটার অংশ থেকে অবাধে বালু তোলা হচ্ছে। প্রতিদিন দুই শতাধিক নৌযানে খননযন্ত্র (ড্রেজার) বসিয়ে বালু তোলা হয়। অথচ এ এলাকায় বালু তোলার জন্য কোনো বালুমহাল নেই। উপজেলার পায়না, মোহনগঞ্জ, পেঁচাকোলা,

নাকালিয়া, কৈতলা, রাকশা, নগরবাড়ী, কাজীরহাটসহ বিভিন্ন এলাকার অর্ধশতাধিক প্রভাবশালী ব্যক্তি বালু তোলার সঙ্গে জড়িত। আমাদের সময়

অবৈধ বালু তোলা বন্ধের দাবিতে গত এক বছরে বেশ কয়েকবার দক্ষিণ চরপেঁচাকোলা ও চরনাকালিয়ায় বিক্ষোভ সমাবেশ হয়েছে। নাকালিয়া বাজারে সর্বস্তরের মানুষের অংশগ্রহণে বিশাল মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ কর্মসূচিসহ বালু তোলার ক্ষতিকর প্রভাব নিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রতিবেদন প্রকাশিত হয়েছে। কিন্তু তার পরও অবৈধ বালু তোলা বন্ধ হয়নি।

মালদাপাড়া গ্রামের ওয়াদুদ সরকার, গোলজার মল্লিকসহ চার-পাঁচ কৃষক জানান, অবৈধ বালু তোলার কারণে এমনিতেই নদীভাঙনের ভয় রয়েছে। এর ওপর এবার তাদের ডুবে থাকা ফসলি জমি থেকে খননযন্ত্রের (ড্রেজার) মাধ্যমে বালু ও মাটি তোলা হচ্ছে।

করোনা সংক্রমণে ক্রমে ভারত এখন তৃতীয়

করোনাভাইরাস সংক্রমণে আক্রান্ত দেশগুলোর মধ্যে তৃতীয় অবস্থানে রয়েছে ভারত। এর আগে এ অবস্থানে ছিল রাশিয়া। গতকাল রোববার ভারতের স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে আক্রান্ত, মৃত ও সংক্রমিত এলাকাগুলোর তালিকা ঘোষণার পর এ তথ্য জানা গেছে।

গত শনিবার থেকে গতকাল রোববার পর্যন্ত গণনাকৃত ২৪ ঘণ্টায় দেশটিতে আরও ২৪ হাজার ২৪৮ জন নতুন আক্রান্ত শনাক্ত হয়েছে। পরিসংখ্যানভিত্তিক ওয়েবসাইট ওয়ার্ল্ডোমিটার জানিয়েছে, ভারতে মোট সংক্রমণের সংখ্যা দাঁড়িয়েছে ছয় লাখ ৯৮ হাজার ২৩৩ জনে।

রাশিয়ায় বর্তমান আক্রান্ত শনাক্তের সংখ্যা ছয় লাখ ৮১ হাজার ২৫১ জন। সে হিসাবে আক্রান্ত, মৃত ও সংক্রমিত অবস্থানে তালিকার চারে অবস্থান করছে দেশটি।

ফ্রান্স, ইতালি, স্পেন, ব্রিটেনের মতো দেশগুলোকে ছাড়িয়ে বেশ কিছু দিন ধরেই চতুর্থ স্থানে ছিল ভারত, কিন্তু সাম্প্রতিক সময়ে দ্রুত গতিতে সংক্রমণ বৃদ্ধির কারণে রাশিয়াকেও ছাড়িয়ে গেল।

চলতি বছর ৩০ জানুয়ারি কেরালায় প্রথম আক্রান্ত শনাক্ত হয় ভারতে। এর ১১০ দিনের মাথায় সংক্রমণ পৌঁছায় এক লাখে। মাঝে কড়া 'লকডাউন' ও 'জনতা কারফিউ' পালন করলেও সরকার কিছুটা শিথিলতা জারি করলে অবস্থার পরিবর্তন হয়। ১৫ দিনের মধ্যে আক্রান্ত শনাক্ত হয় দুই লাখ। পরবর্তীতে ১০ দিনে তিন লাখ, এর ৮ দিন পর চার লাখ, তার ৬ দিন পর সংক্রমণের হার বেড়ে পাঁচ লাখে পৌঁছায়। বাকি ১ লাখ ৯৭ হাজার ৪১৩ জনে করোনার সংক্রমণ হতে লাগে মাত্র পাঁচ দিন। আমাদের সময়

আক্রান্তের সংখ্যা বাড়ার পাশাপাশি ভারতে মৃত্যুর সংখ্যাও বাড়ছে। রোববার সকাল পর্যন্ত দেশটিতে করোনাভাইরাসে মৃত্যুর সংখ্যা ১৯ হাজার ৬৯৩ জন ছিলো।

আক্রান্তের বিশ্বব্যাপী তালিকায় এখন ভারতের উপরে আছে শুধু যুক্তরাষ্ট্র ও ব্রাজিল। আজ সোমবার যুক্তরাষ্ট্রের জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের করোনাভাইরাস সম্পর্কিত তথ্য অনুযায়ী শনাক্ত ২৮ লাখ ৮৮ হাজার ৭৩০ জন আক্রান্ত নিয়ে বিশ্বের শীর্ষে আছে যুক্তরাষ্ট্র। আর দ্বিতীয় স্থানে থাকা ব্রাজিলে শনাক্ত রোগীর সংখ্যা ১৬ লাখ তিন হাজার ৫৫ জন।

করোনায় মারা গেলো সন্ত্রাসী আ'লীগের সাবেক মেয়র

শেরপুরের নালিতাবাড়ী পৌরসভার সাবেক মেয়র ও উপজেলা সন্ত্রাসী সংগঠন আওয়ামী লীগের সাবেক সভাপতি মুক্তিযোদ্ধা আলহাজ্ব আব্দুল হালিম উকিল করোনাভাইরাসের আক্রান্ত হয়ে মারা গেছেন। গতকাল রোববার রাত সাড়ে ১১টার দিকে রাজধানীর উত্তরায় কুয়েত মৈত্রী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৩ বছর। বিষয়টি নিশ্চিত করেছেন আব্দুল হালিম উকিলের ছেলে ইয়াছিন আরাফাত প্রান্তিক। তিনি জানান, গত ২৫ জুন তার বাবার শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়। এরপর তাকে রাজধানীর কুয়েত মৈত্রী হাসপাতালে ভর্তি করা হয়।

সূত্র: আমাদের সময়

ঠাকুরগাঁও সীমান্তে সন্ত্রাসী বিএসএফের গুলিতে বাংলাদেশি আহত

ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী উপজেলার রত্নাই সীমান্তে মুশরিক ভারতীয় সীমান্তসন্ত্রাসী (বিএসএফ) গুলিতে মোহাম্মদ সোহেল (২৫) নামে এক বাংলাদেশি গরু ব্যবসায়ী আহত হয়েছেন। সোমবার ভোরে ভারতের পশ্চিম দিনাজপুর গোয়ালপুকুর থানার নোটুয়াটুলি ক্যাম্পের বিএসএফ সদস্যদের গুলিতে এ ঘটনা ঘটে। আহত গরু ব্যাবসায়ী সোহেল ওই উপজেলার আমজানখোর ইউনিয়নের বারাসাত এলাকার আইয়ুব আলীর ছেলে।

সোমবার ভোরে সোহেলসহ আরো কয়েকজন গরু ব্যবসায়ী রত্নাই সীমান্তের তারকাটা অতিক্রম করে ভারতের অভ্যন্তরে সীমান্ত ৩৮২/এস পিলার এলাকায় প্রবেশ করলে ভারতের পশ্চিম দিনাজপুর গোয়ালপুকুর নাটুয়াটুলি ক্যাম্পের সন্ত্রাসী বিএসএফ সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে। এ সময় অন্যান্যরা চলে আসতে সক্ষম হলেও সোহেল গুলিবিদ্ধ হয়ে বাংলাদেশে ফিরে আসে। পরে তার পরিবারের সদস্য ও স্থানীয় গ্রামবাসীরা তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য রংপুরে নিয়ে যায়।

এ বিষয়ে ঠাকুরগাঁও ৫০ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. শহিদুল ইসলাম জানান, তিনি ঘটনাটি শুনেছেন তবে আহত ব্যক্তির সন্ধান পাওয়া যায় নাই। এছাড়া সীমান্তে গুলি ও হত্যা বন্ধের বিষয়ে প্রতিবাদ জানিয়ে বিজিবির পক্ষ থেকে বিএসএফকে পত্র দেয়া হয়েছে। কালের কণ্ঠ

পাকিস্তান | এক গুপ্তচরকে হত্যা করার দায় স্বীকার করেছে টিটিপি এর মুখপাত্র।

পাকিস্তানের বাজুর এজেন্সীর একটি সীমান্ত এলাকায় মুরতাদ পাকিস্তান সরকারের এক গুপ্তচরকে হত্যা করেছেন তেহরিকই তালিবান পাকিস্তান টিটিপি এর জানবায মুজাহিদিন।

টিটিপি এর মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ গত ৫ জুলাই তাঁর এক টুইটার বার্তায় জানিয়েছেন, গত শুক্রবার বিকেলে পাকিস্তানের বাজুর এজেন্সীর "সালাহারজাই" এলাকায় ক্রুসেডার আমেরিকার গোলাম "ফজলে মান্নান" নামক পাকিস্তানি মুরতাদ বাহিনীর এক গোপ্তচরকে হত্যা করেছেন মুজাহিদগণ।

গুপ্তচর ফজলে মান্নান কে গত কয়েক বছর ধরে খোঁজছিল তেহরিক ই তালিবান পাকিস্তান টিটিপি এর জানবায মুজাহিদিন। অবশেষে গত শুক্রবারে তালিবানদের ইন্টেলিজেন্স এজেন্সি টিআইএ এর তথ্যের উপর ভিত্তি করে মুজাহিদিনরা সর্বশক্তিমান আল্লাহ্ তা'আলার অনুগ্রহে ফজলে মান্নানকে হত্যা করতে সক্ষম হন। আলহামদুলিল্লাহ, ক্রুসেডারদের গোলাম এই গুপ্তচরের হত্যার সংবাদটি তাওহীদবাদী মুসলিম উম্মাহর অন্তরকে প্রশান্ত করেছে।

পাকিস্তান | মুজাহিদদের হামলায় ৩ মুরতাদ সেনা নিহত, আহত আরো এক সেনা সদস্য।

পাকিস্তান ভিত্তিক জিহাদী তানযিম তেহরিকই তালিবান পাকিস্তান এর জানবায মুজাহিদদের এক হামলায় ৩ সেনা নিহত এবং এক সেনা আহত হয়েছে।

তেহরিকই তালিবান পাকিস্তান এর সম্মানিত মুখপাত্র মুহাম্মাদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানিয়েছেন, গত ৫ জুলাই মুজাহিদিনই

ইসলাম পাকিস্তানের বাজুর এজেন্সীর চার্মাং বাবরা এলাকায় শরিয়তের শত্রু পাকিস্তানি মুরতাদ সামরিক বাহিনীকে টার্গেট করে একটি সফল মাইন হামলা চালিয়েছেন।

যার ফলে পাকিস্তানি মুরতাদ বাহিনীর ৩ সৈন্য নিহত এবং আরো ১ সেনা সদস্য আহত হয়েছে।

সোমালিয়া | ক্রুসেডার ও মুরতাদ বাহিনীর সামরিক ঘাঁটিতে মুজাহিদদের হামলা, বহু সৈন্য হতাহত।

আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদদের পৃথক দুটি হামলায় বহুসংখ্যক ক্রুসেডার ও মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

বিস্তারিত রিপোর্ট থেকে জানা গেছে, মধ্য সোমালিয়ার হাইরান প্রদেশে ক্রুসেডার ইথিউপিয়ান বাহিনীর একটি সামরিক ঘাঁটি লক্ষ্য করে একটি সফল অভিযান পরিচালনা করেছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। গত ৪ জুলাই মুজাহিদদের পরিচালিত উক্ত সফল হামলায় বেশ কিছু ইথিউপিয়ান ক্রুসেডার সৈন্য নিহত ও আহত হয়েছে।

এমনিভাবে ৫ জুলাই রাজধানী মোগাদিশুর উত্তরের "বালাদ" শহরে অন্য একটি সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। মুজাহিদদের উক্ত সফল অভিযানে হর্ষবিলি প্রশাসনের এক সংসদ সদস্য নিহত হয়েছে।

কেনিয়া | ক্রুসেডার বাহিনীর সামরিক ঘাঁটিতে মুজাহিদদের হামলা, হতাহত অনেক সৈন্য।

আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক অন্যতম শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন গত ৫ জুলাই কেনিয়ান ক্রুসেডার বাহিনীর একটি সামরিক ঘাঁটিতে সফল অভিযান পরিচালনা করেছেন।

শাহাদাহ্ নিউজের রিপোর্ট অনুযায়ী, কেনিয়ার উত্তর-পূর্বাঞ্চলীয় "ফাফী" শহরে ক্রুসেডার কেনিয়ান বাহিনীর সামরিক ঘাঁটিতে একটি তীব্র সফল অভিযান পরিচালনা করেছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। হারাকাতুশ শাবাব যোদ্ধাদের উক্ত আক্রমণে বেশ কিছু কেনিয়ান ক্রুসেডার সেনা নিহত ও আহত হয়েছে।

চীন কর্তৃক লাদাখে দখল করে নেয়া জমি কবে ছাড়বে উত্তর নেই ভারতের

লাদাখে হঠাৎ সফরে গিয়ে ভারতীয় সেনাবাহিনীর সেনাদের সঙ্গে কথাবার্তা বলেও মূল প্রশ্ন এড়াতে পারছেন না দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আর তা হল, লাদাখে দখল করা এলাকা থেকে চীনকে সরানো যাবে কবে, কী ভাবে?

কংগ্রেস নেতা শশী থারুর শনিবার ইন্দিরা গান্ধী, মনমোহন সিং এবং নরেন্দ্র মোদির লে এবং সিয়াচেন সফরের ছবি পোস্ট করে প্রশ্ন করেছেন,'১৯৭১-এ প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী পাকিস্তানকে দু'টুকরো করে দেয়ার আগে লে-তে গিয়েছিলেন। ২০০৫-এ প্রধানমন্ত্রী মনমোহন সিং সিয়াচেনে গিয়েছিলেন। সেটাই ছিল প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রীর সিয়াচেন সফর। তার ফল হল, সিয়াচেন হিমবাহ এখনও ভারতের নিয়ন্ত্রণে। ২০২০-তে ভারত কী আশা করবে? নিজেদের এলাকা ধরে রাখতে কোনো কার্যকর সিদ্ধান্ত কি দেখা যাবে?'

ভারতের সরকারি সূত্র বলছে, প্রধানমন্ত্রী মোদির আচমকা লে সফরের পিছনে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের মস্তিষ্ক কাজ করেছে। মোদি কাল নীমুতে পৌঁছে সিন্ধু দর্শন পুজো করেন। তার পর সেনা অফিসারদের সঙ্গে বৈঠক করেন। প্রধানমন্ত্রীর সেনা জওয়ানদের কথা বলে মনোবল বাড়ানোর চেষ্টা চীনের সমর-কৌশলী সুন জু-র 'দ্য আর্ট অফ ওয়ার'-এর মন্ত্র মেনেই হয়েছে বলে বিজেপির দাবি।

রাম মাধবের যুক্তি,'সুন জু বলেছিলেন, সেনা জওয়ানদের নিজের সন্তান ভাবতে হবে। তা হলে তারা গভীর উপত্যকাতেও তোমাকে অনুসরণ করবে। তাদের প্রিয় পুত্রের মতো দেখবে। তা হলে মৃত্যু পর্যন্ত তোমার পাশে থাকবে।'

তা শুনে কংগ্রেস নেতা কপিল সিব্বলের কটাক্ষ,‘জওহরলাল নেহরু, ইন্দিরা গান্ধী, লালবাহাদুর শাস্ত্রীর মতো ভারতের সাবেক প্রধানমন্ত্রীরা কি সেনার মনোবল বাড়াতে সীমান্তবর্তী এলাকায় যাননি? কিন্তু বর্তমান ভারতীয় প্রধানমন্ত্রী মোদি তো সীমান্ত থেকে ২৩০ কিলোমিটার দূরে অবস্থিত লাদাখের রাজধানী লে শহরের নীমু নামক জায়গায় আটকে রইলেন!’

বিজেপি নেতারা বলছেন, ৬৯ বছর বয়সী মোদির ১১ হাজার ফুট উচ্চতায় গিয়ে জওয়ানদের সঙ্গে কথা বলাও চাট্টিখানি কথা নয়। কংগ্রেস নেতারা মনে করিয়ে দিচ্ছেন, ২০০৫-এ মনমোহন সিং ১২ হাজার ফুট উচ্চতায় সিয়াচেন হিমবাহে গিয়েছিলেন ৭৩ বছর বয়সে, বাইপাস সার্জারির পরে।

কংগ্রেসের প্রশ্ন, প্রধানমন্ত্রী মোদি কি এখনও চীন লাদাখে ভারতের জমি দখল করে রেখেছে বলে অস্বীকার করছেন? তা হলে চীনের নাম না করে সম্প্রসারণবাদীই বা বললেন কেন? শুক্রবার রাহুল গান্ধী একটি ভিডিওতে দেখিয়েছিলেন, লাদাখিরাই বলছে যে চীন সেখানকার জমি দখল করে রেখেছে। বিজেপির নেতা-মন্ত্রীদের দাবি, ওই ভিডিওতে যাদের সাধারণ লাদাখি বলে দেখানো হয়েছে, তাদের অনেকেই কংগ্রেসের স্থানীয় নেতা-কর্মী। কংগ্রেসের পাল্টা যুক্তি, লাদাখের বিজেপি সংসদ সদস্য জেমিয়াং শেরিং নামগিল, লে-র বিজেপির জেলা সভাপতি দোরজি আংচুক, লাদাখে স্বায়ত্তশাসিত পার্বত্য জেলা পরিষদের ডেপুটি মেয়র, বিজেপি নেতা কনচোক স্ট্যানজিন, লে-র নিয়োমা ব্লক উন্নয়ন পরিষদের বিজেপি নেত্রী উরগেই চদন এক সুরে বলেছেন, লাদাখে চীন জমি দখল করেছে। রাহুলের যুক্তি,‘দেশপ্রেমী লাদাখিরা চীনের অনুপ্রবেশের বিরুদ্ধে মুখ খুলছেন। তাতে কান না দিলে মূল্য দিতে হবে।’

কংগ্রেসের কপিল সিব্বল গত ২২ মে ও ২৩ জুন প্যাংগং লেকের উপগ্রহ থেকে পাওয়া ছবি তুলে ধরে মোদিকে প্রশ্ন ছুড়েছেন, চীন ফিঙ্গার-ফোর পর্যন্ত এলাকা দখল করে রেখেছে কিনা? গালওয়ান উপত্যকার জমি, হট স্প্রিংস এলাকায় জমি চীন দখল করেছে কি না? সিব্বলের বক্তব্য,‘মোদির এখন একমাত্র রাজধর্ম, চীনের চোখে চোখ রেখে বলুন, দখল করে রাখা ভারতীয় জমি ছাড়তে হবে।’ নয়া দিগন্ত

সামান্য বৃষ্টিতেই সড়ক ভেঙে ভোগান্তি!

শেরপুরের ঝিনাইগাতী উপজেলার কাড়াগাঁও বটতলা-আয়নাপুর সড়ক বৃষ্টির পানিতে ভেঙে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এ সড়ক দিয়ে চলাচল করতে গিয়ে স্থানীয়দের ভোগান্তি বেড়ে গেছে। এটি দ্রুত সংস্কারের দাবি জানায় স্থানীয়রা।

দুপুরে সরেজমিন দেখা যায়, উপজেলার কাড়াগাঁও বটতলা-আয়নাপুর সড়কে আয়নাপুর এলাকার ফর্সা মিয়ার বাড়ির সামনে বৃষ্টিতে ভেঙে ঢালাই ও বিটুমিন উঠে বড় গর্তের সৃষ্টি হয়েছে। এতে সিএনজি ও ব্যাটারিচালিত অটোরিকশা, ভ্যান, মোটরসাইকেল যাতায়াত করতে পারছে না। অনেকেই এ অবস্থায় গাড়ি থেকে নেমে ঠেলে ঠেলে সড়কের ভাঙা অংশ পার করার চেষ্টা করছে।

এ ছাড়া এ সড়কের বিভিন্ন স্থানে ইট-বালি, ঢালাই ও বিটুমিন উঠে বিভিন্ন স্থানে খানাখন্দ আর বড় বড় গর্ত সৃষ্টি হয়েছে। কোথাও কোথাও সড়কের গর্তে বৃষ্টির পানি জমে আছে। সড়কে একটি গাড়ি আরেকটিকে অতিক্রম করতে পারে না।

জানা গেছে, কাড়াগাঁও বটতলা থেকে গুরুচরণ দুধনই বর্ডার সড়ক (আরএইচডি) পর্যন্ত ৫ দশমিক ৯ কিলোমিটার। এ সড়কের কাড়াগাঁও বটতলা-আয়নাপুর বাজার পর্যন্ত প্রায় দেড় কিলোমিটার। তিন বছর আগে এ সড়কটির সংস্কারকাজ করা হয়।

স্থানীয় সমাজকর্মী নাইম জাহান ও অটোরিকশাচালক হামিদুর বলেন, বটতলা থেকে আয়নাপুর বাজার পর্যন্ত সড়কে আগে থেকেই ইট-বালি, ঢালাই ও বিটুমিন উঠে কয়েকটি স্থানে গর্ত হয়েছে। গত শুক্রবারের বৃষ্টিতে সড়ক ভেঙে আরও ভোগান্তি বেড়ে গেছে। চলাচল করতে খুবই কষ্ট হচ্ছে। স্থানীয় ইউপি সদস্য আলমাছ বলেন, সকালে বৃষ্টিতে হঠাৎ করে রাস্তা ভেঙে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এ অবস্থায় দ্রুত এ সড়কটি সংস্কার করার দাবি জানান তিনি। আমাদের সময়

সরকারি উদাসিনতায় বেড়েই চলছে সবজির দাম

রাজধানীর বাজারগুলোতে সবজির দাম যেন কমছেই না। উল্টো সপ্তাহের ব্যবধানে বেশ কয়েকটি সবজির দাম বেড়েছে। ব্যবসায়ীরা বলছেন, বৃষ্টি-বন্যায় ক্ষেত নষ্ট হওয়ায় বাজারে সবজির সরবরাহ কম। তাই গত দুই সপ্তাহ ধরে ঊর্ধ্বমুখী রয়েছে দাম। কিন্তু বাজার ভরা সবজি দেখে ব্যবসায়ীদের এমন কথা মানতে নারাজ সাধারণ ক্রেতারা। তাদের দাবি বাজারে সবজির অভাব নেই, মুনাফার লোভেই বাহানা দিয়ে বাড়ানো হচ্ছে দাম।

গতকাল শনিবার রাজধানীর রায়েরবাগ, শনিরআখড়া, যাত্রাবাড়ী, খিলগাঁও, মালিবাগসহ বেশ কয়েকটি বাজার ঘুরে দেখা যায় আলু, পটোল থেকে শুরু করে বেগুন, বরবটি, ঢেঁড়স, ধুন্দল, ঝিঙে, করলা, পেঁপেসহ প্রায় সব ধরনের সবজিই চড়া দামে বিক্রি হচ্ছে। এর মধ্যে হঠাৎ করে বেড়েছে কাঁচামরিচ ও টমেটোর দাম। সপ্তাহের ব্যবধানে কেজিতে ৩০-৫০ টাকা পর্যন্ত বাড়তি দামে বিক্রি হচ্ছে পণ্য দুটি। দাম বেড়ে কাঁচামরিচ এখন বিক্রি হচ্ছে ১৪০-১৬০ টাকায়। অন্যদিকে প্রতি কেজি টমেটো ৭০-৮০ টাকা ও আকারে বড় এমন টমেটো বিক্রি হচ্ছে ১০০-১২০ টাকা। গাজরের দামও বেড়েছে প্রতিকেজি ১০০-১২০ টাকা।

কেজিতে ১০-২০ টাকা বেড়ে বরবটি বিক্রি হচ্ছে ৬০-৮০ টাকায়। করলা ৫০-৭০ টাকা, কাকরোল ৬০-৭০ টাকা, কচুরমুখী ৬০-৭০ টাকায় বিক্রি হচ্ছে কেজিতে। দাম বেড়ে প্রতিকেজি বেগুন বিক্রি হচ্ছে ৭০ থেকে ৯০ টাকায়। এ ছাড়া চিচিঙ্গা ৫০-৬০ টাকা, ঝিঙা ৫০-৬০ টাকা, কচুরলতি ৪০-৬০ টাকা, পেঁপে ৪০-৫০ টাকা, পটোল ৩০-৫০ টাকা, ঢেঁড়স ৩০-৫০ টাকা বিক্রি হচ্ছে কেজিপ্রতি। দাম না বাড়লেও আগের সপ্তাহের মতো চড়াদামে বিক্রি হচ্ছে কলা, কচু, লেবু, পুদিনাপাতা, লাউ ও জালি কুমড়া। কেজিতে ৫-৭ টাকা পর্যন্ত বেড়েছে আলুর দাম। বাজারে প্রতিকেজি ডায়মন্ড আলু বিক্রি হচ্ছে ৩২-৩৫ টাকা, ছোট আলু ৪০-৪৫ টাকায়।

সবজির দাম বাড়লেও আগের দামেই বিক্রি হচ্ছে শাক। বাজারে প্রতি আঁটি লালশাক ১৫ টাকা, মুলাশাক ১৫-২০ টাকা, কচুশাক ১০-১৫ টাকায় বিক্রি হচ্ছে। এ ছাড়া লাউ ও কুমড়া শাক ৩০-৪০ টাকা, পুঁইশাক বিক্রি হচ্ছে ২০ টাকায়। আমাদের সময়

০৫ই জুলাই, ২০২০

ভারতকে পরোয়া না করে সীমান্তে নতুন চারটি পোস্ট বসিয়েছে নেপাল

নতুন মানচিত্র নিয়ে বিতর্কের মাঝেই উত্তরাখণ্ড সীমান্তে চারটি নতুন বর্ডার আউটপোস্ট বসিয়েছে নেপাল। গোয়েন্দা সূত্রে এ সংবাদ পাওয়া গেছে।

ভারতীয় গোয়েন্দাদের সূত্রে জানা গেছে, মঙ্গলবার নেপালের স্বশস্ত্র পুলিশ ফোর্সের ডিআইজি হরি শঙ্কর বুধাথোকি উত্তরাখণ্ড সীমান্তের ওপারে থাকা জুলজিবি, লালি, ডুমলিঙ্গ ও পাঞ্চেশ্বর এলাকায় চারটি বর্ডার আউট পোস্টের উদ্বোধন করেছেন। তারপর থেকে ওই এলাকায় তৎপরতা বেড়েছে নেপালের সীমান্তরক্ষী বাহিনীর।

তবে, ভারতের জন্য চিন্তার কারণ কারণ হচ্ছে, নেপালের সাতটি জেলায় চীনা সৈন্যদের অবাধ যাতায়াত শুরু হওয়ার খবর। প্রায় ৩৩ হেক্টর এলাকায় ঘাঁটি গেড়েছে পিএলএ।

এমননি সংশ্লিষ্ট এলাকার ভিতরে রাস্তা বানানোও শুরু করে দিয়েছে চীন। এমন তথ্যও হাতে এসেছে বলে জানা যাচ্ছে। অদূর ভবিষ্যতে নেপালের গা ঘেঁষে চীন বর্ডার আউটপোস্ট তৈরি করতে পারে, এমন আশঙ্কাও রয়েছে।

গত ৮ মে উত্তরাখণ্ডের ধারচুলা থেকে চীন সীমান্তঘেঁষা লিপুলেখ পর্যন্ত ভারতের রাস্তা তৈরি নিয়ে প্রথম আপত্তি জানায় কাঠমান্ডু। ওই ভূখণ্ড তাদের বলে দাবি করে ক্ষমতাসীন ওলি সরকার। কিন্তু, নয়াদিল্লির পক্ষ থেকে পরিষ্কার জানিয়ে দেওয়া হয়, ওই অঞ্চল ভারতেরই অন্তর্ভুক্ত। এরপরই দেশের মানচিত্র বদলানোর প্রক্রিয়া শুরু করার পাশাপাশি বিতর্কিত এলাকার সীমান্ত বরাবর সাতটি নতুন বর্ডার আউটপোস্ট বানিয়েছে নেপাল।

শুধু তাই নয়, ভারতীয় গোয়েন্দাদের দেওয়া খবর অনুযায়ী, ভারতের সঙ্গে থাকা ১৭৫০ কিলোমিটার সীমান্ত এলাকায় ১২০টি পোস্টের বদলে ৫০০টি বর্ডার আউটপোস্ট (বিওপি) খোলার পরিকল্পনা নিয়েছে নেপাল। পাশাপাশি এতদিন পর্যন্ত যে বর্ডার আউটপোস্টগুলিতে নেপালের পুলিশকে টহলদারি চালাতে দেখা যেত সেখানে সীমান্তরক্ষী বাহিনীকে মোতায়েন করা হচ্ছে।

সূত্র: টাইমস নাউ

থামছেই না ভারতীয় সীমান্তসন্ত্রাসীদের হত্যা: চাঁপাইনবাবগঞ্জে খুন করা হলো আরেক মুসলিমকে

থামছেই না সীমান্তে বাংলাদেশি মুসলিম হত্যা। চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার তেলকুপি সীমান্তে বেধড়ক পেটানোর পর এক বাংলাদেশি যুবককে গুলি করে হত্যা করেছে ভারতীয় সীমান্তসন্ত্রাসী বাহিনী (বিএসএফ)।

নিহত জাহাঙ্গীর (৪৫) শিবগঞ্জ উপজেলার শাহবাজপুর ইউনিয়নের তেলকুপি গ্রামের আইনাল হকের ছেলে।

স্থানীয় একাধিক সূত্র জানায়, শনিবার সকাল ১০টার দিকে তেলকুপি সীমান্ত ফাঁড়িসংলগ্ন এলাকায় মাঠে পাখি ধরার জন্য অবস্থান করছিলেন জাহাঙ্গীর। এ সময় ভারতের চুরিঅনন্তপুর বিএসএফ ক্যাম্পের সদস্যরা তাকে জেরা করে।

জাহাঙ্গীর বার বার তাদেরকে পাখি শিকারের কথা বললেও বিএসএফ সদস্যরা তাকে চোরাকারবারি বলে সাব্যস্ত করছিল। এ নিয়ে তিনি বিএসএফ সদস্যদের সঙ্গে তর্কে জড়িয়ে পড়েন।

এসময় বিএসএফ সন্ত্রাসী সদস্যরা তাকে ধরে বেধড়ক পেটানোর পর গুলি করে হত্যা করেছে বলে জানান স্থানীয়রা।

শাহবাজপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড সদস্য মোফাজ্জল হোসেন ঘটনার সত্যতা গণমাধ্যম যুগান্তরকে নিশ্চিত করেছেন।

চাঁপাইনবাবগঞ্জ ৫৯ বিজিবি ব্যাটালিয়নের এক কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, আপনাদের মতো আমিও বিএসএফের গুলিতে একজন নিহত হওয়ার কথা শুনেছি।

ময়মনসিংহের কালভার্ট নির্মাণে রডের বদলে বাঁশ!

কালভার্ট নির্মাণে যেখানে রড ব্যবহার করে ঢালাই করতে হয়, সেখানে রডের পরিবর্তে বাঁশের ফালি দিয়েই ঢালাই করার ঘটনা ঘটেছে। শুধু তাই নয়, দুটি কালভার্টের একটিতে আবার কিছুই ব্যবহার করা হয়নি।

ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার আছিম পাটুলী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের গুদারবন্দ নামে একটি দুর্গম এলাকায় ঘটেছে এ ঘটনা। সেখানে স্থানীয় সরকার সহায়তা প্রকল্পের (এলজিএসপি) আওতায় নির্মাণাধীন দুটি কালভার্টের একটিতে রডের বদলে বাঁশের ফালি ও আরেকটিকে কিছুই ব্যবহার করা হয়নি।

জানা গেছে, ওই ইউনিয়নের ৮নং ওয়ার্ডের স্থানীয় ইউপি সদস্য মোহাম্মাদ আলীর তত্ত্বাবধানে একটি কালভার্ট নির্মিত হচ্ছে। শুধু তিনিই নন, একই সড়কে আরেকটি প্রকল্পে একই রকম অনিয়ম করেছেন নারী ইউপি সদস্য রাশিদা বেগম। তবে এ ক্ষেত্রে মোহাম্মদ আলী বাঁশের ফালি ব্যবহার করলেও রাশিদা কোনো কিছু না দিয়েই ঢালাই সম্পন্ন করেছেন!

ইউনিয়ন পরিষদ সূত্রে জানা যায়, ২০১৮-১৯ অর্থবছরের বরাদ্দ থেকে আছিম পাটুলী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের দুটি প্রকল্পে সাড়ে ৩ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়। ২ লাখ টাকা বরাদ্দে ইউপি সদস্য মোহাম্মদ আলীকে একটি এবং দেড় লাখ টাকা বরাদ্দের একটি প্রকল্পে ইউপি সদস্য রাশিদাকে দায়িত্ব হয়।

তাদের মধ্যে রাশিদার প্রকল্পের কাজ প্রায় শেষ। সেখানে রড বা বাঁশ কোনটিই ব্যবহার করা হয়নি। আর মোহাম্মদ আলীর প্রকল্পে রডের বদলে বাঁশ ব্যবহার করে শুক্রবার বন্ধের দিন নিচের অংশের ঢালাই শেষ করে।

গতকাল শনিবার এমন দৃশ্যের ছবি তুলে বায়েজিদ আহমেদ নামে স্থানীয় এক যুবক সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে প্রকাশ করেন। এরপরই বিষয়টি নিয়ে জেলাজুড়ে তোলপাড় সৃষ্টি হয়। অনেকেই সেই ছবি ফেসবুকে পোস্ট করে নিন্দা ও প্রতিবাদ জানান।

এভাবে দেশের প্রতিটি প্রান্তেই উন্নয়নের নামে জনগণের অর্থ লোপাট করছে আওয়ামী প্রশাসন। জবাবদিহিতার অভাবে যে যেভাবে পারছে, চুরি করছে দেশের সম্পদ।

খোরাসান | তালেবান মুজাহিদদের হামলায় ৩২ মুরতাদ সৈন্য হতাহত, ১১টি সাঁজোয়া গাড়ি ধ্বংস

আফগানিস্তানের হেরাত প্রদেশে মুজাহিদদের হামলায় মুরতাদ কাবুল প্রশাসনের কমপক্ষে ১৮ সেনা নিহত এবং ১৪ সেনা আহত হয়েছে।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তান এর মুখপাত্র মুহতারাম ক্বারী মুহাম্মাদ ইউসুফ আহমাদী হাফিজাহুল্লাহ্ এর এক টুইটার বার্তা থেকে জানা গেছে, আফগানিস্তানের হেরাত প্রদেশের "পশতুন জারঘুন" জেলায় মুরতাদ কাবুল প্রশাসনের সামরিক বাহিনীর বিরুদ্ধে গত ৩ দিন (৭২ ঘন্টা) যাবৎ টানা হামলা চালিয়েছেন তালেবান মুজাহিদগণ। দীর্ঘ সময়ের এই লড়াইয়ে মুজাহিদদের হাতে নিহত হয়েছে হেরাত প্রদেশের পুলিশ প্রধানসহ মুরতাদ কাবুল সরকারের ১৮ সেনা সদস্য, আহত হয়েছে আরো ১৪ সেনা। মুজাহিদদের এই তীব্র হামলায় ধ্বংস হয়েছে মুরতাদ কাবুল সরকারি বাহিনীর ১১টি সাঁজোয়া গাড়ি। তালেবান মুজাহিদগণ হেরাত প্রদেশের পুলিশ প্রধানকে হত্যার পর তার পরিচয়পত্রও প্রকাশ করেছেন।

মালি | মুসলিমদের চারটি গ্রামে হামলা চালিয়ে 34 জনকে হত্যা করেছে সন্ত্রাসীরা

পশ্চিম আফ্রিকার দেশ মধ্য মালির চারটি মুসলিম গ্রামে অজ্ঞাত সন্ত্রাসীরা হামলা চালিয়ে 34 জন বেসামরিক মানুষকে হত্যা করেছে।

গত শুক্রবার "আফ্রিকা ইনফু"এ প্রকাশিত এক সংবাদ সূত্র থেকে জানা গেছে, মালি মুপতি অঞ্চলের "বানকাস" জেলায় ২০২০ সালের ১ জুলাই বুধবার এক সাথে চারটি মুসলিম গ্রামে আক্রমণ করেছে অজ্ঞাত সন্ত্রাসীরা, এসময় বন্দুকধারীরা ৩৪ জন নিরপরাধ বেসামরিক মুসলিমকে হত্যা করেছে।

ঐদিন বিকাল ৩টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত পর্যায়ক্রমে মুসলিম গ্রামগুলোতে হামলা চালানো হয়। এসকল হামলায় দুটি গ্রামে নিহত হয়েছেন যথাক্রমে ১৬ ও ১৪ জন মুসলিম।

স্থানীয় এলাকাবাসী জানিয়েছেন যে, বেসামরিক নাগরিকদের হত্যার পাশাপাশি অপরাধীরা গ্রামগুলোতে উল্লেখযোগ্য পরিমাণে ধ্বংসযজ্ঞ চালিয়েছে। এলাকাবাসী মনে করেন, এসকল হামলা পূর্বের হামলাগুলোর ন্যায় ক্রুসেডার ফ্রান্সের ইশারায় করা হয়েছে। কারণ মালির মুসলিমরা ক্রুসেডার ফ্রান্স ও তাদের গোলাম মুরতাদ সরকারের বিরুদ্ধে আওয়াজ তুলছেন এবং মুজাহিদদের সমর্থন দিচ্ছেন।

জাতিসংঘের প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী দেশটিতে সশস্ত্র হামলার ফলে এই বছরের শুরুর দিকে (মে পর্যন্ত) কমপক্ষে ৩৮০ বেসামরিক লোক মারা গিয়েছেন। সর্বশেষ গত ৩ জুলাই "আফ্রিকা ইনফো" এর প্রকাশিত এক রিপোর্ট বলা হয়েছে, গত জানুয়ারি থেকে জুনের শেষ পর্যন্ত ক্রুসেডার ফ্রান্সের ইশারায় এবং মালির মুরতাদ সরকারি বাহিনীর সহায়তায় ৫৮৯ জন নিরপরাধ মুসলিমকে হত্যা করা হয়েছে।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ৬ মুরতাদ সৈন্য নিহত, আহত ১০ এরও অধিক

সোমালিয়ায় আল-কায়েদা যোদ্ধাদের ২টি পৃথক হামলায় ৬ মুরতাদ সৈন্য নিহত, আহত হয়েছে আরো প্রায় এক ডজন ক্রুসেডার ও মুরতাদ সৈন্য।

পূর্ব আফ্রিকা ভিত্তিক আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন ৪ জুলাই শনিবার সন্ধ্যা পর্যন্ত দেশটিতে অবস্থানরত ক্রুসেডার ও স্বদেশীয় মুরতাদ বাহিনীর বিরুদ্ধে ৩টি সফল অভিযান পরিচালনা করেছেন।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর রিপোর্ট থেকে জানা গেছে, শনিবার সকাল ৭ টায় সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে দেশটির মুরতাদ বাহিনীর একটি টিমকে লক্ষ্য করে তীব্র হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে মুরতাদ বাহিনীর ২ সৈন্য নিহত এবং আরো ৮ এরও অধিক মুরতাদ সৈন্য আহত হয়েছে। তাছাড়া, উক্ত অভিযানের সময় মুজাহিদদের বোমা হামলায় মুরতাদ বাহিনীর বেশকিছু সামরিক স্থাপনা ও যুদ্ধসরঞ্জামাদি ধ্বংস হয়ে গেছে।

অপরদিকে বাইবুকুল রাজ্যের "বাইদাওয়ে" শহরে সোমালিয় মুরতাদ বাহিনীর বিরুদ্ধে মুজাহিদগণের অন্য একটি সফল হামলায় মুরতাদ বাহিনীর ৪ সৈন্য নিহত এবং ২ সৈন্য আহত হয়েছে।

এমনিভাবে রাজধানীর "হারোয়া" শহরে ক্রুসেডার "আফ্রিকান ইউনিয়ন" জোট বাহিনীর একটি ঘাঁটিকে টার্গেট করে হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এসময় মুজাহিদদের তীব্র হামলায় ক্রুসেডার আফ্রিকান জোট বাহিনীর একটি সামরিকযান ধ্বংস হয়ে যায়, ধ্বংস হওয়া সামরিকযানটিতে থাকা সকল ক্রুসেডার সৈন্য হতাহত হয়েছে।

০৪ঠা জুলাই, ২০২০

খোরাসান | ২১৩৪টি অভাবী পরিবারের মাঝে খাদ্যদ্রব্য বিতরণ করেছে তালেবান।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তান এর তালেবান সদস্যরা গত ১ জুলাই ও ৩ জুলাই আফগানিস্তানের কোহিস্তান জেলা ও জালকাই জেলার ২১৩৪ টি দরিদ্র পরিবারের মাঝে খাদ্যদ্রব্য বিতরণ করেছেন।

তালেবানদের অফিসিয়াল ওয়েবসাইট আল-ইমারার এক প্রতিবেদনে বলা হয়েছে, জাতিসংঘের ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম (ডাব্লুএফপি) এবং ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের "ইনস্টিটিউশনাল" কমিশনের সহায়তায় কোহিস্তান জেলার এক হাজার একশত অভাবী পরিবারের মাঝে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

বিবৃতিতে বলা হয়েছে, "প্রতিটি পরিবারকে ২ ব্যাগ ময়দা, ৮ কেজি ডাল এবং ১ কেজি লবণ দেওয়া হয়।"

এখানে লক্ষ্যণীয় যে, তালেবানরা এর আগে দেশের বিভিন্ন অঞ্চলে অভাবী পরিবারগুলোর মাঝে খাদ্য সহায়তা সরবরাহ করেছিল। তবে সাম্প্রতিক আন্তর্জাতিক সম্প্রদায়ের সাথে তালেবানদের সম্পর্কের প্রসারিত হওয়ার কারণে জাতিসংঘ এখন তালেবানের অধীনে থাকা বেসামরিক লোকদের সহায়তা বিতরণ করছে।

এবিষয়ে তালেবান ইতিপূর্বে তাদের বার্তায় জানিয়েছিল যে, যদি কোন আন্তর্জাতিক সম্প্রদায় আফগান জনসাধারণকে কোন ধরণের সহায়তা দিতে চায়, তাহলে তালেবান তাদেরকে এখানে সাধুবাদ জানাবে এবং এসকল সংস্থার সদস্যদের নিরাপত্তা নিশ্চিত করবে। তবে এক্ষেত্রে শর্ত ছিলো যে কোন এলাকায় ত্রাণসামগ্রী বিতরণের আগে প্রথমে তালেবানদের অনুমতি নিতে হবে এবং তা তালেবানদের "ইনস্টিটিউশনাল" কমিশনের দ্বারা পরিক্ষা করার পর তালেবানদের অধীনে থেকেই ঐসকল ত্রাণসামগ্রী বিতরণ করতে হবে।

এমনিভাবে গত দু'দিন আগেও ময়দানে ওয়ার্দাক প্রদেশের "জালকাই" জেলায় তালেবানদের "ইনস্টিটিউশনাল" কমিশন ১০৩৪টি দরিদ্র পরিবারকে খাদ্য সহায়তা বিতরণ করেছে।

ইসরাইলের নতুন অবৈধ সংযুক্তি পরিকল্পনার বিরুদ্ধে রামাল্লাসহ বিশ্বের ৩০টি স্থানে বিক্ষোভ

ইহুদীবাদী সন্ত্রাসী ইসরাইলের নতুন অবৈধ সংযুক্তি পরিকল্পনার বিরুদ্ধে রামাল্লাসহ বিশ্বের ৩০টি স্থানে বিশাল বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মিডলইস্ট মনিটরের বরাতে স্থানীয় সূত্রে জানা যায়,জর্ডান উপত্যকা, উত্তর মৃত সাগর এবং পশ্চিম তীর জুড়ে অবৈধ ইসরাইলি জনবসতিসহ দখলকৃত পশ্চিম তীরের একটি বড় অংশকে সংযুক্ত করার ইসরায়েলি পরিকল্পনার বিরুদ্ধে প্রতিবাদ সমাবেশে বুধবার (১ জুলাই) ঝাঁকে ঝাঁকে ফিলিস্তিনি নাগরিক রামাল্লা নগরীর প্রাণকেন্দ্রে অংশ গ্রহণ করেছে।

